

২৮০০ পরিবারের দায়িত্ব নিলেন রাশমিকা

২গ্রাম-শহরে শতভাগ টিকাদান নিশ্চিত করতে হবে : স্বাস্থ্যমন্ত্রী

৭বাংলাদেশকে হোয়াইটওয়াশ করতে চান ডারেন স্যামি

৭পুরো প্রজন্মকে ভয় দেখিয়ে স্তব্ধ করার চেষ্টা চলছে : মমতা বন্দ্যোপাধ্যায়



## বিএনপি নেতা সালাহউদ্দিন আহমেদের জানাজায় অংশ নিয়েছেন প্রধানমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

সাবেক সংসদ সদস্য ও বিএনপির বাণিজ্য বিষয়ক সম্পাদক সালাহউদ্দিন আহমেদের জানাজায় অংশ নিয়েছেন প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। গতকাল সকালে মরহুমের প্রথম নামাজে জানাজা অনুষ্ঠিত হয় জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্রাঙ্গণে। প্রধানমন্ত্রী মরহুমের কবিনে পুষ্পস্তবক অর্পণ করে তাঁর প্রতি শ্রদ্ধা জানান এবং কিছুসময় নীরবে দাঁড়িয়ে থাকেন

২২ এর পাতায় দেখুন

## সালাহউদ্দিন আহমেদ ছিলেন আদর্শ ও নীতিতে অবিচল

—রুহুল কবির রিজভী

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, সাবেক সংসদ সদস্য সালাহউদ্দিন আহমেদ শত নির্বাসনের পরও তার আদর্শ ও নীতি থেকে বিচ্যুত হননি। গতকাল দুপুরে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে সালাহউদ্দিন আহমেদের দ্বিতীয় জানাজায় অংশগ্রহণ করে তিনি এ কথা বলেন। রুহুল কবির রিজভী বলেন, ২০২৩ সালের অক্টোবরের আন্দোলনের সময় সালাহউদ্দিন

২২ এর পাতায় দেখুন



## নিরাপদ খাদ্য পরীক্ষার ভ্রাম্যমাণ ল্যাব পরিদর্শন করলেন প্রধানমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

প্রধানমন্ত্রী তারেক রহমান গতকাল সচিবালয়ে নিজ দপ্তরে প্রবেশের আগে নিরাপদ খাদ্য পরীক্ষার জন্য স্থাপিত ভ্রাম্যমাণ ল্যাব পরিদর্শন করেন। ছবি: পিএমও

## নিরাপদ খাদ্য পরীক্ষার ভ্রাম্যমাণ ল্যাব পরিদর্শন করলেন প্রধানমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

প্রধানমন্ত্রী তারেক রহমান নিরাপদ খাদ্য পরীক্ষার জন্য স্থাপিত ভ্রাম্যমাণ ল্যাব (মোবাইল ল্যাবরেটরি ভ্যান) পরিদর্শন করেছেন। তিনি গতকাল সকালে সচিবালয়ে নিজ দপ্তরে প্রবেশের আগে ভ্রাম্যমাণ ল্যাব বা পরীক্ষাগারটি পরিদর্শন করেন। প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব হাসান শিপলু এ কথা জানান। সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর দপ্তরের নিচে রাখা ভ্রাম্যমাণ পরীক্ষাগারটির ভেতরে প্রবেশ করে খাদ্যের নমুনা সংগ্রহ ও পরীক্ষার প্রক্রিয়া দেখেন তিনি। এ সময় সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ পরীক্ষাগারটির কার্যক্রম সম্পর্কে তাঁকে অবহিত করেন।

২২ এর পাতায় দেখুন

# রিয়াদের বিমানবন্দর বন্ধ উমরাহযাত্রীর সংখ্যা হ্রাস

নিউজ ডেস্ক

সৌদি আরবের রাজধানী রিয়াদের কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দর সাময়িকভাবে বন্ধ ঘোষণার কারণে সংযুক্ত আরব আমিরাত থেকে উমরাহ পালনে ইচ্ছুক মুসল্লিদের ভ্রমণ চাহিদায় বড় ধরনের পতন ঘটেছে। রিয়াদ বিমানবন্দরে একের পর এক ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলার ঘটনায় একাধিক ফ্লাইট বাতিল হওয়ায় মুসল্লিরা চরম অনিশ্চয়তায় পড়েছেন। ফলে অনেকেই তাদের পূর্বনির্ধারিত উমরাহ যাত্রা স্থগিত করছেন কিংবা বিকল্প পথের সন্ধান করছেন। সাধারণত অক্টোবর থেকে জানুয়ারি পর্যন্ত উমরাহ পালনের ব্যস্ত মৌসুম থাকলেও এবারের অচলাবস্থা ট্রাভেল এজেন্সিগুলোর ব্যবসাকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করেছে।

আমিরাতের স্থানীয় ট্রাভেল এজেন্সিগুলোর বরাতে জানা গেছে, রিয়াদ বিমানবন্দরের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হওয়ার খবর সামনে আসার পর থেকেই উমরাহ সংক্রান্ত অনুসন্ধান এবং নতুন বুকিংয়ের সংখ্যা আভাবনীয় হারে কমে গেছে। পিলগ্রিমজেজ এন্ড আদার হোলি

নামক ভ্রমণ সংস্থায় কর্মরত আমিরাত প্রবাসী আফসাল কেএইচ জানিয়েছেন, সাম্প্রতিক হামলার ঘটনাগুলোর পর থেকেই

২২ এর পাতায় দেখুন



## পরাজিত ফ্যাসিবাদের দোসররা বিদেশে বিলাসবহুল জীবনযাপন করছেন

—রুহুল কবির রিজভী

নিজস্ব প্রতিবেদক

বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব আউতোকেটি রুহুল কবির রিজভী বলেছেন, দেশের সম্পদ লুটপাট করে পরাজিত ফ্যাসিবাদের দোসররা বিদেশে বিলাসবহুল জীবনযাপন করছেন। তিনি বলেন, বিদেশে অবস্থান করেও তারা বাংলাদেশের বিরুদ্ধে ষড়যন্ত্র এবং দেশে অস্থিতিশীলতা সৃষ্টির অপচেষ্টা চালাচ্ছেন। জনগণের স্বার্থবিরোধী যেকোনো ষড়যন্ত্র সম্পর্কে সবাইকে সতর্ক থাকার আহ্বান জানান তিনি। গতকাল বুধবার বেলা সাড়ে ১১টায় ফরিদপুরের চরগুদ্রাসন উপজেলার গাজিরটেক ইউনিয়নে রাজনৈতিক আন্দোলন-সংগ্রামে নির্বাসিতদের শিকার অসহায় নেতাকর্মী ও তাদের পরিবারের সদস্যদের মধ্যে

২২ এর পাতায় দেখুন

## বিএসটিআই-এর পরিধি বৃদ্ধি ও আধুনিকায়নে বড় প্রকল্প বাস্তবায়ন হচ্ছে : শিল্পমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

শিল্প, বাণিজ্য এবং বস্ত্র ও পাট মন্ত্রী খন্দকার আব্দুল মুজিতের বলেছেন, পণ্যের সঠিক মান ও জননিরাপত্তা নিশ্চিত করতে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই)-এর কর্মপরিধি বৃদ্ধি ও আধুনিকায়নে বিভিন্ন বড় প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। গতকাল ৫৭তম বিশ্ব মান দিবস ২০২৬ উপলক্ষে রাজধানীর অফিসার্স ক্লাবে বিএসটিআই আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। এ বছর বিশ্ব মান দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে—‘শোরাদি ভিশন ফর অ বটার ওয়ার্ল্ড-অ্যাকোডেবল অ্যান্ড ক্লিন এনার্জি’, যার ভাবার্থ

২২ এর পাতায় দেখুন

## পুনর্গঠিত ট্রাইব্যুনালে দুই বছরে ২৩ জনের মৃত্যুদণ্ড

নিজস্ব প্রতিবেদক

২০২৪ সালের জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার ঐতিহাসিক আন্দোলনের সময় সংঘটিত গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের বিচারের জন্য পুনর্গঠিত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল দুই বছরে সাতটি মামলায়

### আসামি ৫৫৮

ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ২৩ জনকে মৃত্যুদণ্ডের রায় দিয়েছেন। দুই ট্রাইব্যুনালে ৭০টি মামলায় ৫৫৮ জন আসামির মধ্যে পলাতক রয়েছেন ৩৫২ জন। দুই বছরের বিচারকাজের বিষয়ে প্রসিকিউটর গাজী এম এইচ তামিম বলেন, অভ্যুত্থান-পরবর্তী আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের

২২ এর পাতায় দেখুন

## নতুন হটস্পটে আত্মসি ডেস্কু

বিশেষ প্রতিবেদক

টাঙ্গাইল হয়ে উঠছে ডেস্কুর নতুন হটস্পট। এ ছাড়া খুলনা, বাগেরহাট, বালকাঠি, নারায়ণগঞ্জে

ইনস্টিটিউটের (আইইডিসিআর) পরিচালক ডা. কাজী আহমেদ জাকি বলেন, ‘পূর্বাভাসে দেখা গেছে টাঙ্গাইল ডেস্কুর নতুন হটস্পট হয়ে উঠছে। এর বাইরে খুলনা, বাগেরহাট রোগীর সংখ্যা উর্ধ্বমুখী। এসব এলাকার বৃদ্ধ জলাধারে বাড়ছে এডিসের লার্ভা। বালকাঠিতেও ডেস্কু আক্রান্তের সংখ্যা বাড়ছে। ঢাকার কাঁচা কাঁচি নারায়ণগঞ্জ ডেস্কুর অন্যতম হটস্পট।

ঢাকার বাইরে ডেস্কুর বিস্তার বাড়ছে বিভিন্ন জেলায়। টাঙ্গাইল থেকে আমাদের প্রতিনিধি মো. নাসির উদ্দিন জানান, জেলায় ডেস্কু পরিস্থিতির অবনতি হয়েছে। হাসপাতালগুলোতে রোগীর চাপ বাড়ছে। ডেস্কু রোগীর জন্য প্রতিটা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঁচটি করে শয্যা প্রস্তুত রাখা হয়েছে। টাঙ্গাইল সদর জেনারেল হাসপাতাল সূত্রে জানা যায়, গত সোমবার ৩৩ জন ডেস্কু নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। জেলায় ১ হাজার

২২ এর পাতায় দেখুন

## এসআরবি উচ্চবেতনের চাকরির প্রলোভনে রাশিয়ায় নিয়ে পাঠানো হয় যুদ্ধে ৩০ বাংলাদেশির ২০ জনই নিহত

নিজস্ব প্রতিবেদক

উচ্চবেতনের চাকরির প্রলোভনে দেখিয়ে বাংলাদেশ থেকে রাশিয়া পাঠিয়ে ইউক্রেন যুদ্ধে জড়ানোর অভিযোগ পাওয়া গেছে।

২২ এর পাতায় দেখুন



### এলপিজি ব্যবসায়ীদের দুই দিনের ধর্মঘট প্রত্যাহার

নিজস্ব প্রতিবেদক

এলপিজি ব্যবসায়ীদের ডাকা দুই দিনের ধর্মঘট প্রত্যাহার করা হয়েছে। বুধবার (১৪ অক্টোবর) দুপুরে এলপিজি ব্যবসায়ী সমন্বয় সমিতি লিমিটেডের পক্ষ থেকে এ ঘোষণা দেওয়া হয়। ফলে বৃহস্পতিবার ও শুক্রবার সারা দেশে এলপিজি সিলিভারের দোকান বন্ধ রাখার কর্মসূচি আর থাকছে না।

এর আগে বুধবার সকালে সচিবালয়ে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে এলপিজি অপারেটরদের সঙ্গে বৈঠক করেন সরকারের সংশ্লিষ্ট প্রতিনিধিরা। বৈঠক শেষে যৌথ সংবাদ সম্মেলনে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু এবং বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির ব্যবসায়ীদের ধর্মঘট প্রত্যাহারের

৭ এর পাতায় দেখুন

নিজস্ব প্রতিবেদক

ফরিদপুরে অসহায় লকাই বিশ্বাসের পরিবারকে নতুন ঘর উপহার দিয়েছেন ‘আমরা বিএনপি পরিবার’-এর প্রধান পৃষ্ঠপোষক ও প্রধানমন্ত্রী তারেক রহমান।

একইসঙ্গে অসহায় নারীদের মধ্যে সেলাই মেশিন বিতরণ, চিকিৎসা সহায়তা ও কর্মসংস্থানের জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। আমরা বিএনপি পরিবারের সদস্য সচিব কৃষিবিদ মোকহেদুল মোমিন মিথুন এ তথ্য জানান।

তিনি জানান, গতকাল ফরিদপুরের চরভদ্রাসনের গাজিরটেকের চর সর্বাঙ্গীয়া এলাকায় প্রধানমন্ত্রী তারেক

৭ এর পাতায় দেখুন



## দুর্গাপূজার ছুটিতে পর্যটনে আশার আলো

নিজস্ব প্রতিবেদক

শারদীয় দুর্গাপূজা ও সাপ্তাহিক ছুটি মিলিয়ে টানা পাঁচ দিনের অবকাশ ঘিরে দেশের প্রধান পর্যটনকেন্দ্রগুলোতে বাড়ছে আগাম বুকিং। কক্সবাজার, সিলেট, রাঙামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, কুয়াকাটা ও সুন্দরবনঘেষা রিসোর্টগুলোতে হোটেল-মোটেলের অধিকাংশ কক্ষ ইতোমধ্যে বুকিং হয়ে গেছে। কোথাও কোথাও ছুটির প্রধান দিনগুলোয় সব কক্ষই পূর্ণ। পর্যটকদের সম্ভাব্য চাপ সামাল দিতে আবাসন, পরিবহন ও নিরাপত্তাব্যবস্থা প্রস্তুত রাখছেন সংশ্লিষ্টরা।

### কক্সবাজার, সিলেট, পাহাড়, কুয়াকাটা ও সুন্দরবনঘেষা রিসোর্টে আগাম বুকিংয়ের হিড়িক

আকর্ষণ তৈরি হয়েছে। দীর্ঘদিনের মন্দাভাব কাটিয়ে ব্যবসায় গতি ফেরার প্রত্যাশা করছেন পর্যটন খাতের উদ্যোক্তারা।

কক্সবাজার হোটেল-মোটেল-মোটেলের ৯০ থেকে ৯৫ শতাংশ কক্ষ বুকিং হয়েছে। কিছু রিসোর্ট, গেস্ট হাউস ও কটেজের কক্ষ খালি থাকলেও শিগিরিই সেগুলো পূর্ণ হবে বলে আশা করছেন তিনি। তারকা হোটেল ওশান প্যারাডাইস লিমিটেডের পরিচালক আবদুল কাদের মিশু জানান, তাঁদের হোটেলে ইতোমধ্যে ৯০ শতাংশ বুকিং হয়েছে। পর্যটকদের সেবা দিতে প্রয়োজনীয় প্রস্তুতি রয়েছে এবং ছুটির আগেই শতভাগ বুকিং পূর্ণ হবে বলে আশা করছেন তাঁরা।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, কক্সবাজার শহর ও আশপাশের ৫ শতাংশ



রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে গতকাল বঙ্গবন্ধে বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘের সভাপতি শ্রীসদ্ধম্মাসানধ্বজ বুদ্ধপ্রিয় মহাথেরের নেতৃত্বে প্রতিনিধিদল সাক্ষাৎ করেন।

### হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টানসহ ক্ষুদ্র নৃগোষ্ঠীর অধিকার নিশ্চিত জাতীয় কমিটি গঠনের পরামর্শ রাষ্ট্রপতির

নিজস্ব প্রতিবেদক

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর বৌদ্ধ, খ্রিস্টানসহ অন্যান্য ক্ষুদ্র নৃগোষ্ঠীর মানুষের ন্যায্য অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠায় সংশ্লিষ্ট সম্প্রদায়গুলোর প্রতিনিধিদের নিয়ে একটি জাতীয় কমিটি গঠনের পরামর্শ দিয়েছেন।

তিনি বলেন, সংশ্লিষ্ট সম্প্রদায়গুলোর প্রতিনিধিদের সমন্বয়ে একটি জাতীয় কমিটি গঠন করা গেলে তাদের বিভিন্ন সমস্যা ও দাবি-দাওয়া যথাযথভাবে সরকারের কাছে তুলে ধরা সহজ হবে।

গতকাল বুধবার দুপুরে

৭ এর পাতায় দেখুন

## চাহিদা বাড়ছে নন-কটনে

### সক্ষমতা বাড়ানো চ্যালেঞ্জ

নিউজ ডেস্ক

বৈশ্বিক অর্থনৈতিক অনিশ্চয়তা, জ্বালানি সংকট, গ্যাস-বিদ্যুতের ঘাটতি, অবকাঠামোগত সীমাবদ্ধতা ও ঋণের উচ্চ সুদহারের মতো প্রতিকূলতার মধ্যেও বিশ্ববাজারে বাংলাদেশের তুল্যবহির্ভূত বা নন-কটন পোশাক থেকে।

বৈশ্বিক অর্থনৈতিক অনিশ্চয়তা, জ্বালানি সংকট, গ্যাস-বিদ্যুতের ঘাটতি, অবকাঠামোগত সীমাবদ্ধতা ও ঋণের উচ্চ সুদহারের মতো প্রতিকূলতার মধ্যেও বিশ্ববাজারে বাংলাদেশের তৈরি পোশাকের চাহিদা বাড়ছে।

বৈশ্বিক অর্থনৈতিক অনিশ্চয়তা, জ্বালানি সংকট, গ্যাস-বিদ্যুতের ঘাটতি, অবকাঠামোগত সীমাবদ্ধতা ও ঋণের উচ্চ সুদহারের মতো প্রতিকূলতার মধ্যেও বিশ্ববাজারে বাংলাদেশের তৈরি পোশাকের চাহিদা বাড়ছে।

অন্যদিকে প্রচলিত তুল্যভিত্তিক পোশাক রপ্তানি এখনও খাতটির প্রধান ভিত্তি হিসেবে রয়েছে। বিশ্লেষণ অনুযায়ী, ২০২৬ সালের প্রথম নয় মাসে বাংলাদেশের মোট তৈরি পোশাক রপ্তানি হয়েছে ২৯ দশমিক ৯১ বিলিয়ন ডলারের। এর মধ্যে তুল্যভিত্তিক পোশাক রপ্তানির পরিমাণ ২০

দশমিক ৭৫ বিলিয়ন ডলার, যা মোট রপ্তানির ৬৯ দশমিক ৩ শতাংশ। অন্যদিকে নন-কটন পোশাক রপ্তানি হয়েছে ৯ দশমিক ১৭ বিলিয়ন ডলারের, যা মোট রপ্তানির ৩০ দশমিক ৭ শতাংশ। এখানে তৈরি পোশাক বলতে হারমোনাইজড সিস্টেমের (এইচএস) ৬১ ও ৬২ নম্বর অধ্যায়ভুক্ত পণ্যকে বিবেচনায় নেওয়া হয়েছে।

বাংলাদেশ অ্যাপারেল ভয়েসের (বিএডি) প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মহিউদ্দিন রুবেল বলেন, বিশ্ববাজারে তুল্য তৈরি পোশাকের পাশাপাশি তুল্যবহির্ভূত (নন-কটন) পোশাকের কদর বাড়ছে। ক্রেতার নন-কটন পোশাকের দিকে ঝুঁকছে। এই মার্কেট ধরতে পারলে রপ্তানি অনেকগুণ বেড়ে যাবে বলে আশা করা যায়। তবে এর জন্য সবার আগে সরকারের পক্ষ থেকে নীতি-সহায়তা আরও বাড়ানো দরকার বলেও মনে করেন তিনি।

নন-কটনের বাজার হিস্যা বাড়ছে : মাসভিত্তিক পরিসংখ্যানে দেখা যায়, বছরের শুরুতে মোট পোশাক রপ্তানিতে নন-কটনের অংশ তুলনামূলক কম থাকলেও

৭ এর পাতায় দেখুন

### ‘অপারেশন ক্লিন হার্ট’ করার মতো পরিকল্পনা নেই সরকারের

নিজস্ব প্রতিবেদক

আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে ‘অপারেশন ক্লিন হার্ট’ করার মত কোনো পরিকল্পনা সরকারের নেই বলে আবারও জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ।

চট্টগ্রাম নগরীর দামপাড়া পুলিশ লাইন্সে বুধবার চট্টগ্রাম সিআইডি’র সাইবার কার্যালয় ও ডিজিটাল ফরেনসিক ব্যুরো উদ্বোধন শেষে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

এর আগে, গত ১ অক্টোবর রাজধানীর তেজগাঁওয়ে আনন্দের ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর নতুন সদর দপ্তরের ‘শুভারম্ভ ফলক’ উন্মোচন অনুষ্ঠান শেষেও তিনি একই কথা জানান।

চাঁদাবাজ-সন্ত্রাসীদের তৎপরতা রূখতে সরকার ২০০২ সালের ‘অপারেশন ক্লিন হার্ট’-এর আদলে বড় ধরনের অভিযানের পরিকল্পনা করছে কি না- গতকাল সাংবাদিকরা

৭ এর পাতায় দেখুন



বুধবার চট্টগ্রাম সিআইডি’র সাইবার কার্যালয় ও ডিজিটাল ফরেনসিক ল্যাব উদ্বোধন শেষে সাংবাদিকদের সাথে কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ।



মিয়া গোলাম পরোয়ার

### ‘সনাতন ধর্মাবলম্বীদের সমস্যা সমাধানে পাশে থাকার আশ্বাস দিয়েছেন জামায়াত আমির’

নিজস্ব প্রতিবেদক

সনাতন ধর্মাবলম্বীদের বিভিন্ন সমস্যা সমাধানে তাদের পাশে থাকার আশ্বাস দিয়েছেন বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। এ কথা জানিয়েছেন দলের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরোয়ার। তিনি বলেন, বাংলাদেশে হিন্দু ধর্মাবলম্বীদের বিভিন্ন সমস্যা, বৈষম্য ও বঞ্চনার কথা

৭ এর পাতায় দেখুন

## ডিএসইতে অধিকাংশ শেয়ারের দর বাড়ায় বাজারে ইতিবাচক প্রবণতা

নিজস্ব প্রতিবেদক

দেশের পুঁজিবাজারে গতকাল সূচকের উত্থানের মধ্য দিয়ে লেনদেন শেষ হয়েছে। প্রধান সূচক ডিএসইএক্স ২০ দশমিক ৬১ পয়েন্ট বা শূন্য দশমিক ৩৮ শতাংশ বেড়ে ৫ হাজার ৪২৯ দশমিক ৩৭ পয়েন্টে অবস্থান করেছে।

অন্যদিকে, ডিএসইএক্স অপর দুই সূচকের মধ্যে ডিএস-৩০ সূচক ৩ দশমিক ১৫ পয়েন্ট বা শূন্য দশমিক ১৫ শতাংশ বেড়ে ২ হাজার ৯২ দশমিক ৬৩ পয়েন্টে এবং ডিএসইএক্স সূচক ২ দশমিক ৩৭ পয়েন্ট বা শূন্য দশমিক ২২ শতাংশ বেড়ে ১ হাজার ৭২ দশমিক ৪৪ পয়েন্টে দাঁড়িয়েছে।

গতকাল ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) মোট ৩৮৫টি কোম্পানি ও মিউচুয়াল ফান্ডের ইউনিট লেনদেন হয়েছে। এর মধ্যে ১৯৭টির দাম বেড়েছে, ১৩৭টির কমেছে এবং ৫১টির দর অপরিবর্তিত রয়েছে।

দিন শেষে ডিএসইতে গতকাল ১ লাখ ৪৮ হাজার ৬১৭টি ট্রেডের মাধ্যমে মোট ১৫ কোটি ৫৩ লাখ ৯৫ হাজার ৬৩০টি শেয়ার ও ইউনিট হাতবদল হয়েছে। এসব লেনদেনের মোট মূল্য দাঁড়িয়েছে ৪১৬ কোটি ১৫

লাখ ২২ হাজার ৮৯৬ টাকা।

তবে আগের কার্যদিবসের তুলনায় গতকাল বাজারে লেনদেনের গতি কিছুটা কমেছে। পাশাপাশি অধিকাংশ শেয়ারের দর বাড়ায় বাজারে ইতিবাচক প্রবণতা দেখা গেছে।

বাজার মূলধনও বেড়ে দিন শেষে ৬ লাখ ৮৪ হাজার ৬৩৫ কোটি ৯৮ লাখ ৩৪ হাজার ৩৯৭ টাকায় দাঁড়িয়েছে।

ডিএসইতে গতকাল লেনদেনের ভিত্তিতে শীর্ষ ১০ কোম্পানি হলো- ইভিস টেক্সটাইলস লিমিটেড, সোনালী ইন্ডাস্ট্রিজ লিমিটেড, প্রাইম ফাইন্যান্স ফার্স্ট মিউচুয়াল ফান্ড, প্যারামাউন্ট টেক্সটাইল লিমিটেড, এপেক্স স্পিনিং লিমিটেড, ব্র্যাক ব্যাংক পিএলসি, শার্প ইন্ডাস্ট্রিজ পিএলসি, সায়হাম টেক্সটাইল লিমিটেড, এপেক্স ফুডস লিমিটেড এবং এম.এল ভাইজ।

দর বৃদ্ধির শীর্ষে থাকা ১০ কোম্পানিগুলো হলো- উসমানিয়া গ্রাস শিট ফ্যাক্টরি লিমিটেড, প্রাইম ফাইন্যান্স ফার্স্ট মিউচুয়াল ফান্ড, টেকনো ড্রাগস লিমিটেড, বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানি লিমিটেড, রেনউইক, যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড, অ্যাটলাস

৭ এর পাতায় দেখুন

## মধ্যপ্রাচ্য সংঘাত বহুমুখী সংকটের ঝুঁকিতে বাংলাদেশ

নিজস্ব প্রতিবেদক

মধ্যপ্রাচ্য সংঘাতের কারণে বহুমুখী সংকটের ঝুঁকিতে পড়ছে বাংলাদেশ। জ্বালানি সরবরাহ ও আমদানি ব্যয় বৃদ্ধি থেকে শুরু করে উৎপাদন, রপ্তানি ও বিনিয়োগে বাড়তি চাপ তৈরি হয়েছে। একই সঙ্গে সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের শ্রমবাজারে অনিশ্চয়তা বাড়ায় উৎপাদন তৈরি হয়েছে প্রবাসী কর্মীদের কর্মসংস্থান ও রেমিট্যান্স নিয়ে। এরই মধ্যে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) পূর্বাভাসে চলতি ২০২৬-২৭ অর্থবছরে বাংলাদেশের প্রবৃদ্ধি ৩ দশমিক ২ শতাংশে নেমে আসা এবং গড় মূল্যস্ফীতি ১০ দশমিক ৯ শতাংশে ওঠার আশঙ্কা অর্থনীতির চ্যালেঞ্জ আরও বাড়িয়ে তুলেছে। সংঘাত দীর্ঘায়িত হলে এসব চাপ আরও তীব্র হয়ে সামগ্রিক অর্থনীতিকে গভীর সংকটের মুখে ফেলতে পারে বলে অর্থনীতিবিদরা আশঙ্কা প্রকাশ করেছেন।

অর্থনীতিবিদরা বলছেন, হরমুজ প্রণালিতে অস্থিরতার পাশাপাশি সৌদি-স্থিতি সংঘাতের ফলে সুয়েজ খাল ও বাব এল-মন্দেব দিয়ে আমদানি ও রপ্তানিতে বড় শঙ্কা তৈরি হয়েছে। যুদ্ধের



জ্বালানি সরবরাহ ও আমদানি ব্যয় বৃদ্ধি থেকে শুরু করে উৎপাদন, রপ্তানি ও বিনিয়োগে বাড়তি চাপ তৈরি হয়েছে। একই সঙ্গে সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের শ্রমবাজারে অনিশ্চয়তা বাড়ায় উৎপাদন তৈরি হয়েছে প্রবাসী কর্মীদের কর্মসংস্থান ও রেমিট্যান্স নিয়ে।

কারণে মধ্যপ্রাচ্যের দেশগুলোর অর্থনৈতিক কর্মকাণ্ড ব্যাহত হলে সেখানে থাকা বিপুল সংখ্যক বাংলাদেশি প্রবাসীর চাকরি ও ব্যবসা হারানোর আশঙ্কা রয়েছে। ফলে প্রবাসী কর্মীদের আয় ও অর্থ পাঠানোর সক্ষমতা প্রভাবিত হতে পারে।

তবে সংঘাতের কারণে রেমিট্যান্স কতটা কমবে, তা নির্ভর করবে যুদ্ধের ব্যাপ্তি, স্থায়ীত্বের ওপর। তাদের মতে, মধ্যপ্রাচ্যে সংঘাতের কারণে আন্তর্জাতিক জ্বালানি বাজার ও সমুদ্রপথে পণ্য পরিবহন ব্যাহত হওয়ায় বাংলাদেশের আমদানি ব্যয় বৃদ্ধি পাবে। জ্বালানি ও কাঁচামালের দাম বাড়ায় শিল্পকারখানার উৎপাদন ব্যয় বৃদ্ধি পয়েছে। এর প্রভাব পড়তে শুরু করেছে তৈরি পোশাকসহ রপ্তানিমুখী শিল্পে। এখন উৎপাদন ব্যয় বেড়ে গেলে আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতায় টিকে থাকা কঠিন হবে। সংঘাত তীব্র হলে রেমিট্যান্স, বাণিজ্য, জ্বালানি নিরাপত্তা ও মূল্যস্ফীতির ওপর চাপ তৈরি হয়ে দেশের সামগ্রিক অর্থনীতিকে বড় সংকটে ফেলতে পারে।

ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশের (আইসিবি) চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক আবু আহমেদ বলেন, মধ্যপ্রাচ্যের সংঘাত আমাদের এক মহাসংকটে ফেলে দিয়েছে। মধ্যপ্রাচ্যের তেল-গ্যাস উত্তোলন ও সরবরাহে সমস্যা সৃষ্টি হয়েছে। এ অবস্থায় আমদানি কমে যাওয়ায় জ্বালানির দাম বেড়েছে। যার প্রভাব পড়ছে প্রবৃদ্ধি থেকে মূল্যস্ফীতি

৭ এর পাতায় দেখুন

## ৪০০ পরিবারের দায়িত্ব নিলেন রাশমিকা

বিনোদন প্রতিবেদক

বিয়ের পর প্রথমবার একসঙ্গে বড়পর্দায় আসতে চলেছেন দক্ষিণী তারকা বিজয় দেবরকোভা ও রাশমিকা মান্দানা। তাদের নতুন সিনেমা ‘রববলী’ ঘিরে অনুরাগীদের মধ্যে অগ্রাহ্য হুত্বে। তবে সিনেমা মুক্তির আগেই মানবিক উদ্যোগের কারণে আলোচনায় এসেছেন রাশমিকা। ৪০০টি পরিবারের পাশে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন এই অভিনেত্রী। আগামী তিন মাস পরিবারগুলোর প্রয়োজনীয় খাদ্যসামগ্রী সরবরাহ করবেন তিনি।

সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে নিজেই এই উদ্যোগের কথা জানিয়েছেন রাশমিকা। এ উপলক্ষে একটি ভিডিওও শেয়ার করেছেন তিনি। সেখানে দেখা যায়, অভিনেত্রীর সহযোগী দলের সদস্যরা পরিবারগুলোর হাতে প্রয়োজনীয় খাদ্যসামগ্রী হুলে দিচ্ছেন। রাশমিকার আশা, এই সহায়তার ফলে পরিবারগুলো আগামী তিন মাসের বাজার খরচ ব্যািমে ভবিষ্যতের জন্য কিছু অর্থ সঞ্চয় করতে পারবে। কেন এমন উদ্যোগ নিয়েছেন অভিনেত্রী? রাশমিকা জানিয়েছেন, আসন্ন সিনেমা ‘রববলী’-তে জয়াম্মা চরিত্রে অভিনয় করতে গিয়ে নিজের সঙ্গে চরিত্রটির মিল খুঁজে পেয়েছেন তিনি। যোদ্ধা রববলীর স্ত্রীর চরিত্রে অভিনয় করা রাশমিকার কাছে মানুষের পাশে দাঁড়ানোর বিষয়টি বিশেষ গুরুত্ব পেয়েছে।

এ প্রসঙ্গে রাশমিকা বলেন, “আপনার অনেকই জানতে চান, জয়াম্মার সঙ্গে আমরা কোনো মিল রয়েছে কি না। আমার উত্তর, হ্যাঁ। এই জায়গাতেই আমাদের মিল। আমি বরাবরই এখন কিছু করতে ভালোপাই, জয়াম্মাও তেমনই। আপনাদের কাছ থেকে যে ভালোবাসা পাই, তার প্রতিদানে ভবিষ্যতেও এ রকম কাজ করে যেতে চাই।”

এত দিন নিজের এই উদ্যোগের কথা প্রকাশ্যে আনেননি রাশমিকা। বিষয়টি ব্যক্তিগতভাবেই রাখতে চেয়েছিলেন তিনি। তার সহযোগী দলের কয়েকজন সদস্য ছাড়া অন্য কেউ এ বিষয়ে জানতেন না। তবে এবার নিজের কাজের কথা জানিয়ে অন্যদেরও অনুপ্রাণিত করতে চান অভিনেত্রী। রাশমিকার ভাষায়, “আমি ভালোম, আমার এই কাজ দেখে যদি আপনাদের মধ্যে কেউ এমন কিছু করার অনুপ্রেরণা পান, তা হলে আমার খুব ভালো লাগবে।”

গুণু বর্তমান উদ্যোগই শেষে থাকতে চান না রাশমিকা। আগামী এক বছর ধরে প্রতি দফায় ৪০০টি পরিবারকে তিন মাসের জন্য সহায়তা করার পরিকল্পনাও জানিয়েছেন তিনি। অভিনেত্রীর আশা, এই উদ্যোগের মাধ্যমে পরিবারগুলো নিত্যপ্রয়োজনীয় খরচের কিছু অর্থ সঞ্চয় করতে পারবে।

## গ্রাম-শহরে শতভাগ টিকাদান নিশ্চিত করতে হবে : স্বাস্থ্যমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

শিশুদের রোগ প্রতিরোধে গ্রাম ও শহরের সব শিশুকে টিকাদান কর্মসূচির আওতায় আনার তাগিদ দিয়েছেন স্বাস্থ্য ও পরিচারক্যাণ মন্ত্রী সরদার মো। সাখাওয়াত হোসেন। কোনো শিশু যেন টিকাদান থেকে বাদ না পড়ে তা নিশ্চিত করতে প্রতিটি বাড়ি ও মহল্লায় গিয়ে মাঠপর্যায়ে সরাসরে কাজ করার নির্দেশনা দেওয়া হয়েছে। বুধবার (১৪ অক্টোবর) প্যন প্যাসিফিক সোনারগাঁও হোটেলে বাংলাদেশে ইপিআই ও ডিপিডি সার্ভেইলেন্সের যৌথ স্বাধীন পর্যালোচনা ২০২৬ এর ফলাফল অবলম্বিতকরণ শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃবে এসব কথা বলেন স্বাস্থ্যমন্ত্রী।

স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক ডা. প্রভাত চন্দ্র বিশ্বাসের সভাপতিত্বে এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী ড. এস.এম জিয়াউদ্দিন হায়দার।

মন্ত্রী বলেন, গ্রাম ও শহরের মধ্যে টিকাদানের বৈষম্য দূর করতে হবে। মাঠপর্যায়ের কর্মীদের নির্ধারিত টিকাদান কেন্দ্রে সীমাবদ্ধ থাকলে চলবে না; বাড়ি বাড়ি গিয়ে টিকাদানের উপযোগী শিশুদের চিহ্নিত করে টিকার আওতায় আনতে হবে। দুর্গম ও প্রত্যন্ত অঞ্চলের প্রতিটি শিশুর কাছে টিকা পৌঁছে দেওয়ার মাধ্যমে শতভাগ টিকাদান নিশ্চিত করতে হবে। টিকার গুণগত মান বজায় রাখার ওপর গুরুত্বারোপ করে স্বাস্থ্যমন্ত্রী বলেন, টিকা সরেক্ষণে কোষ ডেইন ব্যবস্থা মধ্যখণ্ডভাবে অনুসরণ করা হচ্ছে কি না, তা নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে। সরবরাহ থেকে শুরু করে প্রোগ্রাম পর্বটি টিকার গুণগত মান নিশ্চিত করতে হবে। পাশাপাশি, টিকার কার্যকারিতা ও রোগ প্রতিরোধক্ষমতা নিয়মিত যাচাইয়ের ওপরও গুরুত্ব দেন স্বাস্থ্যমন্ত্রী। সাখাওয়াত হোসেন বলেন, ভবিষ্যৎ প্রজন্মকে বিভিন্ন সংক্রামক রোগ ও মহামারি থেকে সুরক্ষিত রাখতে টিকাদান কর্মসূচির বিকশে নেই। ১৯৭৯ সাল থেকে বাংলাদেশে সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই) শিশুদের বিভিন্ন মারাত্মক রোগ থেকে সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে। এ কর্মসূচি বাস্তবায়নে গ্যাসি, ইউনিফর্ম ও বিশ্ব স্বাস্থ্য সংস্থাসহ আন্তর্জাতিক সহযোগী সংস্থাগুলোর অবদানও তুলে ধরেন তিনি। এ সময় ড. এস.এম জিয়াউদ্দিন হায়দার বলেন, প্রাচীক জনগোষ্ঠী থেকে শুরু করে নগরবাসী-সবার জন্য মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সরকার স্বাস্থ্য খাতে সংস্কার কার্যক্রম গ্রহণ করছে। এর অংশ হিসেবে দেশের প্রতিটি ইউনিয়ন ও শহরের প্রতিটি ওয়ার্ডে পৃথক প্রাথমিক স্বাস্থ্যসেবা ইউনিট গড়ে তোলার পরিকল্পনা রয়েছে। পাশাপাশি, জনগণের সোযোগাডায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে আরও এক লাখ ‘কমিউনিটি হেলথ অ্যান্ড ওয়েলবিং কমী’ নিয়োগের প্রক্রিয়া শুরু হয়েছে।

তিনি আরো বলেন, টিকাদান কর্মসূচি ও রোগ নজরদারির ফলাফল মূল্যায়ন দেশের সার্বিক স্বাস্থ্যসেবার মানোন্ময়ন এবং জবাবদিহি নিশ্চিত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। কর্মশালায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা বাংলাদেশের ডেপুটি রিপ্রেজেন্টেটিভ ডা. রাজেশ নরওয়েল, ইউনিসেফ বাংলাদেশের ভারপ্রাপ্ত প্রতিনিধি জিলিয়ান মেলসপসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

### বিএনপি নেতা সালাহউদ্দিন

এর আগে রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের পক্ষে তাঁর সামরিক সচিব মেজর জেনারেল এসএসএম বাহাউদ্দিন মরহুমের কফিনে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান।

প্রধানমন্ত্রী তারেক রহমানের শ্রদ্ধা নিবেদনের পরে স্পিকার হাফিজ উদ্দিন আহমেদ সালাহউদ্দিন আহমেদের কফিনে পুষ্পস্তবক অর্পণ করে তাঁর প্রতি শ্রদ্ধা জানান। পরে ডেপুটি স্পিকার কাসার কামাল ও প্রধান হুইপসহ অন্য ছয়জন মরহুমের কফিনে পুষ্পস্তবক অর্পণ করেন।

এরপর একে একে পানি সম্পদ মন্ত্রী শহীদউদ্দিন চৌধুরী এ্যানিসহ মন্ত্রিসভার সদস্য, ছইপগণ, বর্তমান ও সাবেক সংসদ সদসগণ মরহুমের প্রতি শ্রদ্ধা জানান ও নামাজে জানাজায় অংশ নেন। জানাজার পরে মরহুমের আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ মুনাজাত অনুষ্ঠিত হয়।

সাবেক সংসদ সদস্য ও বিএনপির বাণিজ্য বিষয়ক সম্পাদক সালাহউদ্দিন আহমেদ গতকাল রাত ৮টা ১০ মিনিটে বঙ্গবন্ধুর এয়ারকেয়ার হাসপাতালে চিকিৎসানী অবস্থায় মারা যান। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮০ বছর। রাজধানী ঢাকার সাবেক এই সংসদ সদস্য ফুসফুসের সমস্যাসহ নানা জটিলতায় ভুগছিলেন।

দুপুরে সেউটায় নয়াপল্টনে বিএনপি কার্যালয়ের সামনে এবং শ্যামপুরে লাল মসজিদে বিকাল তিনটায় জানাজা শেষে জুরাইনে বাবার কবরের পাশে সালাহউদ্দিন আহমেদকে দাফন করা হবে বলে জানিয়েছেন তাঁর পরিবারের সদস্যবৃন্দ।

### সালাহউদ্দিন আহমেদ ছিলেন

আহমেদকে অত্যন্ত নিষ্ঠুর ও নির্মমভাবে প্রেফতার করে নির্ধাতি চালানো হয়। কারাগারে তিনি বরাবর অসুস্থ হয়ে পড়লেও জামিন দিয়ে তার উন্নত চিকিৎসার কোনো ব্যবস্থা করা হয়নি।

সালাহউদ্দিন আহমেদের মৃত্যুর বাপারে রিজভী বলেন, অত্যচার ও নিপীড়নের ফলে তার মৃত্যু হয়েছে।

তিনি বলেন, দেশে গণতান্ত্রিক পরিবেশের যতটুকু সৃষ্টি হয়েছে, সেই পরিবেশ বেশি দিন ভোগ করতে পারেননি সালাহউদ্দিন আহমেদ। তবে রাজনৈতিক জীবনে তিনি একাগ্রহা, দেশের প্রতি অকুণ্ঠ সমর্থন এবং দলীয় কর্মসূচির প্রতি আনন্দের দৃষ্টান্ত রেখে গেছেন।

রফুল কবির রিজভী বলেন, অনেক জাতীয় নেতা বিভিন্ন সময়ে নিজেদের আদর্শ ও অবস্থান থেকে বিচ্যুত হলেও সালাহউদ্দিন আহমেদ শত নির্ঘাতনের পরও তার আদর্শ ও নীতি থেকে সরে যাননি।

বিএনপির যুগ্ম মহাসচিব হাবিব উন নবী খান সোহেল বলেন, সাহস, ত্যাগ ও দিকনির্দেশনা দিয়ে সালাহউদ্দিন আহমেদ ঢাকা মহানগর বিএনপি-কে শক্তিশালী করেছেন। তিনি শারীরিকভাবে না থাকলেও ঢাকা মহানগর বিএনপির প্রতিটি কার্যক্রম, মিছিল, লড়াই ও সংগ্রামে সাহসের বাণীব্বর হয়ে বেঁচে থাকতেন। দলীয় স্লেগান ও মিছিলে তার বঙ্গা শব্দেমন শ্রবণ করা হবে। জানাজায় সালাহউদ্দিন আহমেদের ছেলে ও ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির সদস্য সচিব তানভীর আহমেদ রবীন বলেন, আমার বাবা দীর্ঘদিন দেশের মানুষের সেবা করে গেছেন। কোনোদিন কোনো অপরাধের সঙ্গে আসন্ন করেননি।

এর আগে বুধবার সকাল ১১ টায় জাতীয় সংসদের দক্ষিণ প্রাঙ্গায় সালাহউদ্দিন আহমেদের প্রথম জানাজা অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধানমন্ত্রী তারেক রহমানসহ অনেকে অংশগ্রহণ করেন।

নয়াপল্টনে দ্বিতীয় জানাজায় মুক্তিযুদ্ধ বিষয় প্রতিমন্ত্রী ইশরাক হোসেন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রশাসক বীর মুক্তিযোদ্ধা মো. আবদুস সালাম, বিএনপির ভাইস চেয়ারম্যান বরকত উজ্জ্বার হুবি, যুগ্ম মহাসচিব খায়রুল কবির খোকন, আব্দুস সালাম আজাদ ও হাবিব উন নবী খান সোহেল অংশ নেন। এছাড়া দলের বিভিন্ন পর্যায়ের নেতা এবং সহপ্রাধিক নেতাকর্মী জানাজায় উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, রাত ৮টা ১০ মিনিটে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিশ্বাস ত্যাগ করেন সালাহউদ্দিন আহমেদ।

### নিরাপদ খাদ্য পরীক্ষার

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের আওতায় ৭২টি গ্রামাঞ্চল পরীক্ষাগার ড্যান সফট্‌হের কার্যক্রম চলছে। খাদ্য নিরাপত্তা সম্পর্কে জনসচেতনতা বাড়াতে গ্রামাঞ্চল পরীক্ষাগারগুলোতে বিশেষ ব্যবস্থাও রয়েছে। ভান্যের বাইরের দিকে স্থাপিত মন্টিরে নিরাপদ খাদ্যবিষয়ক সচেতনতামূলক ভিডিও প্রচার করা হয়। পরিদর্শনকালে খাদ্যমন্ত্রী আফরোজা খানম, সরকারদলীয় চিফ ছইপ নুরুল ইসলাম, খাদ্য প্রতিমন্ত্রী আব্দুল বারী, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এ বি এম আব্দুস সাত্তার, জনপ্রশাসন সচিব কামরুজ্জামান চৌধুরীসহ খাদ্য মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

### যুক্তরাষ্ট্র থেকে আমদানি

ঋণ ব্যবস্থাননা, মার্কিন সহায়তা এবং বাংলাদেশ-যুক্তরাষ্ট্রের সামগ্রিক সম্পর্ক নিয়ে আলোচনা হয়েছে। এছাড়া যুক্তরাষ্ট্রের এক্সিম ব্যাংক এবং দেশটির সহায়তাসংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধিদের সঙ্গেও আলোচনা হয়েছে। তিনি বলেন, “বিগত দিনে আমরা যুক্তরাষ্ট্র থেকে তেমন কিছু পাইনি। কিন্তু বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্ক যেভাবে এগিয়েছে; আমরা যুক্তরাষ্ট্র থেকে অনেকগুলো এয়ারক্রাফট কিনছি, তেল, সয়াবিনসহ বিভিন্ন পণ্য ও কর্মোড়ি আমদানি করছি। তাই তাদের কাছ থেকে আমাদের জন্য বাড়তি সহায়তা আসা উচিত। তারা এ বিষয়ে একমত হয়েছে। এখন দেখা যাক।’ সরকারের অর্থনৈতিক নীতিতে ঋণের ওপর নির্ভরতা কমিয়ে সরাসরি বিদেশি বিনিয়োগ ও যৌথ বিনিয়োগ বাড়ানোর ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে বলে জানান অর্থমন্ত্রী।

তিনি বলেন, এ বিষয়ে যুক্তরাষ্ট্রের এক্সিম ব্যাংকের সঙ্গেও দীর্ঘ আলোচনা হয়েছে। বাংলাদেশ এ পথে এগিয়ে যেতে পারবে বলে তিনি আশা প্রকাশ করেন।

অর্থমন্ত্রী বলেন, “আমাদের অর্থনৈতিক নীতির মূল জোর হচ্ছে বিনিয়োগ। আমরা ঋণ থেকে সরে এসে সরাসরি বিনিয়োগ ও যৌথ বিনিয়োগের দিকে বেশি যেতে চাই।”

যুক্তরাষ্ট্র থেকে বাংলাদেশের বিপুল পরিমাণ পণ্য আমদানির বিষয়টি তুলে ধরে তিনি বলেন, এয়ারক্রাফট, তেল, সয়াবিনসহ বিভিন্ন পণ্য আমদানির কারণে দুই দেশের বাণিজ্যিক সম্পর্কের পাশাপাশি বাংলাদেশের বৈদেশিক লেনদেনের ভারসাম্যেও এর প্রভাব পড়ছে।

মন্ত্রী বলেন, “আমরা তাদের জোর দিয়ে বলেছি, বাংলাদেশ যখন যুক্তরাষ্ট্র থেকে এত বেশি আমদানি করছে এবং দুই দেশের সম্পর্ক আসনে এতদূরেছে, এখন যদি যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে এই সমর্থন না আসে, তাহলে আর কবে আসবে? আমরা যে সহায়তাগুলো আশা করছি, সেগুলো এখন আসা উচিত।’

তিনি জানান, বাংলাদেশের এ অবস্থানের সঙ্গে যুক্তরাষ্ট্রের সংশ্লিষ্ট পক্ষগুলো একমত হয়েছে। তবে প্রত্যাশিত সহায়তা বাস্তবে কতটা এবং কীভাবে পাওয়া যায়, তা এখন দেখার বিষয়।

### রিয়াদে ফের হতির

একটি ক্ষেপণাস্রু তারা মাঝআকাশে ধ্বংস করতে সক্ষম হয়েছে। বুধবার সৌদি আরবের রাজধানী রিয়াদের প্রাণকেন্দ্রে বিকট বিস্ফোরণের শব্দে কেঁপে ওঠে পুরো শহর। এর মাম বছরক ঘটা আগেই ওই এলাকায় অবস্থিত আরবের রাষ্ট্রীয় জ্বালানি জার্মাট আমরাকের কার্যক্রম পরিচালন কেন্দ্রে আঘাত হানে ছুঁতদৈের একটি ক্ষেপণাস্রু। সারাগত সৌদি আরবের সীমান্ত কিংবা রাজধানীর উপকন্ঠের অবকাঠামো লক্ষ্য করে হামলা চালানো হলেও সাম্প্রতিক দিনগুলোতে তা রিয়াদের কেন্দ্রস্থলের অনেকোটা কাছকাছি চলে এসেছে। এতে স্থানীয় বাসিন্দাদের মধ্যে তীব্র আতঙ্কের সৃষ্টি হয়েছে।

প্রত্যক্ষদর্শী ও সংবাদমাধ্যমের তথ্য অনুযায়ী, মঙ্গলবার রাত্তে সৌদি আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা থেকে ছোড়া ক্ষেপণাস্রুরে শোনা রেখা আমরাক ছড়িয়ে পড়তে দেখা যায় এবং এর পরশপই বিকট বিস্ফোরণের শব্দ হয়। রিয়াদের একটি প্রধান সড়কে হেঁটে যাওয়া এক প্রত্যক্ষদর্শী জানান, তিনি একটি শপিং মল বা শপিং সেন্টারের ওপর দিয়ে আলোকচ্ছটা ও ধোঁয়ার কুণ্ডলী রেখে একটি ক্ষেপণাস্রুকে ছুঁতে দেখেছেন, যার পরপরই বিকট শব্দে বিস্ফোরণ ঘটে। এ সময় আতঙ্কিত সাধারণ মানুষকে রাস্তায় গাড়ি থামিয়ে থমথমে পরিস্থিতিতে আকাশের দিকে তাকিয়ে থাকতে দেখা গেছে।

বুধবারও রিয়াদে পুনরায় বিস্ফোরণের শব্দ শোনা যায় এবং সাধারণ মানুষের মোবাইল ফোনে ‘আকাশপিশের হুমকি’ সংক্রান্ত জরুরি সতর্কতা বার্তা পাঠিয়ে নিরাপদে আশ্রয় নিতে বলা হয়। যদিও এর কয়েক মিনিট পরই সেই সতর্কতা তুলে নেওয়া হয়। সৌদি প্রতিরক্ষা সংস্থা জানিয়েছে, রিয়াদে দুটি জুজ্জব্বলসহ প্রতিহত করার পর তার খণ্ডবহু ভংশ নিতে পড়ে দুই নারী, এক পুরুষ ও এক শিশুসহ মোট চারজন আহত হয়েছেন এবং প্রায় ১৫টি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। অনাদিকে সৌদি জ্বালানি মন্ত্রণালয়কে এক কর্মকর্তা নিশ্চিত করেছেন যে, মঙ্গলবার জাহানে আমরাকের সারন দরত কমপ্লেক্সের একটি ভবনে হামলা হলে সেখানে সামান্য অগ্নিকাণ্ড ঘটে। তবে এই ঘটনায় কোনো হতাহতের ঘটনা ঘটেনি।

সংঘাতের জবাবে সৌদি নেতৃত্বাধীন সামরিক জোট পশ্চিম ইয়েমেনের একাধিক তেল স্থানায় বিমান হামলা চালিয়েছে। জোটের জগোথ ডর্রি আন-মালিকি জানান, ছুঁতদৈের সামরিক কার্যক্রমে জ্বালানি স্রোতগত এবং লোহিত সাগর ও বাব আল-মান্দাব প্রণালীর আন্তর্জাতিক নৌপথকে হুমকির মুখে ফেলতে যেসকল সূচ্যে-সুবিধা ব্যবহার করা হছিল, সেগুলোকে চিহ্নিত করে এই আক্রমণ চালানো হয়েছে। সনায় বিমান হামলার পর সেখানকার স্থানীয় তেল কোম্পানিগুলোর কার্যালয়ে ধ্বংসযজ্ঞের খবর পাওয়া গেছে। একই সাথে সনায় ও আশপাশের এলাকায় তীব্র জ্বালানি স্রকন্ঠের আশঙ্কায় সাধারণ মানুষ পেট্রোল পাম্পগুলোতে দীর্ঘ দাঁড়িয়ে ভিড় জমাচ্ছেন। এই রক্তক্ষয়ী সংঘাতের সূত্রপাত ঘটেছিল গণ শনিবার রিয়াদের আন্তর্জাতিক বিমানবন্দরে ছুঁতদৈের একটি প্রাণঘাতী হামলার মাধ্যমে, যাতে ১৩ জন নিহত হন এবং বিমানবন্দরটির স্বাভাবিক কার্যক্রম সাময়িকভাবে স্থগিত হয়ে যায়। ২০১৫ সালে ইয়েমেনে দ্বন্দ্ব শুরু হওয়ার পর থেকে এটি ছিল সৌদি ছুত্থেও অন্যতম ভয়াবহ হামলা। এই ঘটনার পর বুবারজ মোহাম্মদ বিন সালমানের নেতৃত্বে মন্ত্রিসভা এই মন্ত্রিসভা ঠেঠেকে সৃষ্টি জানিয়ে দেওয়া হয় যে, সৌদি আরব নিজের নিরাপত্তা কিংবা লোহিত সাগর ও বাব আল-মান্দাব প্রণালীতে মুক্ত নৌ চলাচলের স্বাধীনতায় কোনো ধরনের আঘাত সহ্য করবে না।

চলমান এই পরিস্থিতির মধ্যে বেশ কয়েকটি দেশে সৌদি আরবের বসবাসরত তাদের নাগরিকদের জন্য প্রত্ন সংরক্ষণ জারি করেছে। ফ্রান্স সরকার তাদের নাগরিকদের রিয়াদ, জেদ্দা ও দামামা বিমানবন্দর এড়িয়ে চলার পরামর্শ দিয়েছে। এছাড়া নিরাপত্তা নিশ্চিত করতে রিয়ানের সক্র জুলে আলহাইন ক্লাস চালু করা হয়েছে এবং বিভিন্ন প্রতিষ্ঠানে ঘরে বসে কাটা বা ‘ওয়ার্ড ফ্রম হোম’ নির্দেশ দেওয়া হয়েছে, যার ফলে সচরাচর যানজটে স্থবির থাকা রিয়াদের রাস্তায় যানবাহনের উপস্থিতি অনেকটাই কমে গেছে।

### রিয়াদের বিমানবন্দর বন্ধ

মানুষের ট্রান্ডেল এনকোয়ারি অর্ধেকের নিচে নেমে এসেছে। যাত্রীরা উমরাহ করতে গিয়ে সৌদি আরবে আটকে পড়া বা ফ্লাইট বাতিলের বিষয়ে চরম উত্তেণা প্রকাশ করছেন।

মূলত যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে চলমান আঞ্চলিক উত্তেজনার অংশ হিসেবে সৌদি আরব সাম্প্রতিক সময়ে একাধিক ড্রোন ও ক্ষেপণাস্রু হামলার মুহোমুহি সহ্যেছে। এতে রাজধানী রিয়াদে কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দরে স্থাপত্যিক উড্ডোজাহাজ চলাচল ব্যাহত হয়ে এবং সৌদি বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ বা গ্যালে এই বিমানবন্দর বন্ধের মেয়াদ ১৭ অক্টোবর পর্যন্ত বৃদ্ধি করেছে। রিয়াদের মূল আকাশপথটি অচল হয়ে পড়ায় এ পর্যন্ত প্রায় ৩ হাজারেরও বেশি ফ্লাইট থাঁউতে বা বাতিল করতে হয়েছে। এওঁ রিয়াদ হয়ে যাত্রীবাহ্যত যাত্রী এবং মধ্যপ্রাচ্যের অবশ্য ও তীর্থযাত্রার সংখ্যাগ মারাত্বকভাবে ব্যাহত হচ্ছে।

উমরাহ যাত্রীদের বর্তমান অভিজ্ঞতার কথা তুলে ধরে ট্রান্ডেল গ্রুপ লিডার আফসাল কেএইচ জানান, তিনি সম্প্রতি ১০ সদস্যের একটি উমরাহ দলের নেতৃত্ব দিয়ে মদিনায় অবস্থান করছিলেন। মদিনা থেকে রিয়াদ হয়ে দুবাই ফেয়ার ফ্লাইটের ছিলা তাঁদের। কিন্তু রিয়াদে বিমান হামলা শুরু হলে তাঁদের ফিরতি ফ্লাইটটি প্রতীত ব্যতিল হয়ে যায়। শনিবার সকালে সামাজিক যোগাযোগ মাধ্যমে হামলার খবর পান তারা। প্রথমে ফ্লাইট চালু থাকলেও দুপুরের দিকে ফ্লাইট বাতিলের আনুষ্ঠানিক বার্তা আসে। ফলে তাদের মদিনায় বাড়তি এক দিন অবস্থান করতে হয়। প্রথম দিকে ভোরবেলার বিকল্প ফ্লাইটের সন্ধান করা হলেও কোনো সিিৎ মেধেনি, অথবা আনুগত্য ফ্লাইটও বাতিল করা হচ্ছিল। ব্যাঘ হয়ে গিয়ে পর্যন্ত তারা সড়কপথে বাহরান্নে সীমান্ত হয়ে দীর্ঘ পথ পাড়ি দিয়ে আরিাতে ফিরে আসেন।

এই ফ্লাইট বাতিলের কারণে যাত্রীদের যাতায়াত খরচও কয়েক গুণ বেড়ে গেছে। আফসাল জানান, অন-দ-স্পট রিআলকন্ড নতুন ফ্লাইটের টিকিট বিক্রি হচ্ছিল প্রায় ২৫০০ দিরহামের বেশি দামে। অন্যদিকে মদিনা থেকে সড়কপথে যাত্রীদের বিকল্প ব্যবস্থার খরচ ছিল ১০০ থেকে ৬০০ দিরহাম পর্যন্ত। কিন্তু দীর্ঘ সড়কযাত্রায় পীচ ঘটীর বেশি সময় লেগে যায়। এই উমরাহ দলে দুটি পরিবার ও কয়েকজন একমাত্র যাত্রী ছিলেন, যাদের মধ্যে একজনের জন্য এটিই ছিল প্রথম উমরাহ ভ্রম। এই অনিশ্চয়তার কারণে তাদের সবাইকে অতিরিক্ত ছুটির আবেদন করতে হয়েছে এবং মানসিক উত্তেজনার মধ্য দিয়ে যেতে হয়েছে। “আরুহা ট্রান্ডেল”-এর ব্যবস্থাননা পরিচালক রিশদ আব্বাস জানান, সেপ্টেম্বর-অক্টোবর থেকে উমরাহ ভ্রমণের মূল মৌসুম শুরু হলেও এবার রিয়াদ বিমানবন্দর বন্ধের প্রভাবে পণ্যাত্রীরা ব্যাঘ হয়ে ভ্রমণ পরিকল্পনা স্থগিত করছেন। জরুরি প্রয়োজনে কিছু ব্যবসায়িক বা অফিসিয়াল ভ্রমণ চালু থাকলেও উমরাহ বৃকি একমত তালানিতে ঠেকেছে। যেসব যাত্রীদের আগের বৃকিং ছিল, তাঁরা নতুন তারিখে টিকিট পেছোচ্ছেন অথবা এয়ারলাইনগুলোর

দেয়া বিনামূল্যে তারিখ পরিবর্তন ও ফুল রিফান্ডের সুযোগ নিচ্ছেন। সাধারণত সংযুক্ত আরব আমিরাত থেকে আউটবান্ড টারিড্‌মের জন্য সৌদি আরব অন্যতম প্রধান বাজার। বিশেষ করে আগামী নভেম্বর ও ডিসেম্বরে ইউএই ন্যাশনাল ডের-ফ্লুট এবং শীতকালীন ছুটি ঘিরে যেখানে ভ্রমণের দারুণ চাহিদা তৈরি হচ্ছিল, সেখানে সৌদি সংকন্ঠের কারণে একটি বড় ধরনের দাঙ্কা এসেছে।

এই জটিল পরিস্থিতিতে মধ্যপ্রাচ্যের অভ্যন্তরীণ বিকল্প রুট ও পরিবহন সেবা ব্যবহার করছেন যাত্রীরা। ট্রান্ডেল এজেন্টরা জানান, যারা ইতোমধ্যে সৌদি আরবে অবস্থান করছেন, তারা দামামা বিমানবন্দর অথবা মদিনা বিমানবন্দর ব্যবহার করছেন। এছাড়া ফ্লাইদুবাই, ফ্লাইনাস এবং এয়ার আরাবিয়ার মতো বিমানসংস্থাগুলো মদিনা ও দুবাইয়ের মধ্যে সরাসরি ফ্লাইট চাল রেখেছে, যা অনেক যাত্রীকে স্বস্তি দিচ্ছে।

স্মার্ট ট্রান্ডেলের চেয়ারম্যান আফি আহমেদ বলেছেন, বিমানের টিকিট বা ফ্লাইটের অনিশ্চয়তা এড়াতে অনেকই এখন বাসে করে দীর্ঘ পথ পাড়ি দিচ্ছেন। মানুষের মধ্যে ভ্রমণ আত্মবিশ্বাস ফিরিয়ে আনা অত্যন্ত কঠিন কাজ এবং ঘটনাক্রমে কারণে দীর্ঘমেয়াদে কিছুটা ফিট হতো। তবে বাস সার্ভিস চালু থাকায় অনেক তীর্থযাত্রী আকাশপথের ওপর নির্ভর না করে বাসে ট্রানজিট নিচ্ছেন। নতুন যারা উমরাহ যাওয়ার চিন্তাভাবনা করছেন, তারা সবাই রিয়াদ বিমানবন্দরের পরিস্থিতি পুরোপুরি স্বাভাবিক হওয়ার জন্য অপেক্ষা করছেন।

তবে সৌদির সব বিমানবন্দরে এই প্রভাব সমানভাবে পড়েনি। ‘দেরা ট্রান্ডেলস’-এর জেনারেল ম্যানেজার টিপি সূরীশ জানিয়েছেন, জেদ্দা কেন্দ্রিক ফ্লাইট পরিচালনা সম্পূর্ণ স্বাভাবিক রয়েছে। এমিরেটস, সৌদিয়া সহ অন্যান্য প্রধান এয়ারলাইনসে জেদ্দায় স্বাভাবিক সৃষ্টি অনুযায়ী ফ্লাইট চালাচ্ছে। ক্ষতিগ্রস্ত যাত্রীরা তাদের টিকিট পরিবর্তনের সুবিধা পাচ্ছেন অথবা পুরো রিফান্ড নিচ্ছেন। তিনি আরও জানান, আটকে থাকা যাত্রীদের সংখ্যা তুলনামূলকভাবে খুব বেশি নয় এবং কিছু নির্দিষ্ট সেবার ওপর বাতিলকরণ ১৪ অক্টোবর পর্যন্ত বহাল ছিল। পরিস্থিতি সামাল দিতে ফ্লাইনাস এবং ফ্লাইডিলের মতো বাজেট এয়ারলাইনগুলো কিছুটা সহায়তা করেছে। তবে দীর্ঘ বাসযাত্রার চেয়ে মানুষ ফ্লাইটের জন্য অপেক্ষা করাকেই বেশি নিরাপদ মনে করছে। সামগ্রিকভাবে, রিয়াদ বিমানবন্দর পূর্ণাঙ্গভাবে চালুর বিষয়ে সুনির্দিষ্ট যোগাণা না আসা পর্যন্ত উমরাহযাত্রীরা নতুন কোনো উমরাহ পরিকল্পনা করতে বি্রাব্যভাবে করছেন।

### পরাজিত ফ্যাসিবাদের

সেগুলোর মধ্যাখ বাস্তবায়ন করেনি। অন্যদিকে, বিএনপি জনগণের কাছে দেওয়া প্রতিশ্রুতি বাস্তবায়নে কাজ করছে।

তিনি বলেন, রাজনৈতিক আন্দোলনে ত্যাগী স্বীকার করা নেতাকর্মী ও তাদের পরিবারের অবদান ভুলে যাওয়ার সুযোগ নেই। অসহায় মানুষের পাশে দাঁড়ানো এবং তাদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে সহযোগিতা করা রাজনৈতিক ও সামাজিক দায়িত্বে অংশ।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফরিদপুর-৪ আসনের সংসদ সদস্য শহিদুল ইসলাম বাবুল। এ সময় উপস্থিত ছিলেন ফরিদপুর-৩ আসনের সংসদ সদস্য চৌধুরী হামিদা ইউসুফহা স্থানীয় বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী এবং বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

অনুষ্ঠানে বিগত রাজনৈতিক আন্দোলন-সংগ্রামে নির্যাতন ও নিপীড়নের শিকার বিএনপির অসহায় নেতাকর্মী এবং তাদের পরিবারের সদস্যদের মধ্যে নগদ অর্থসহ বিভিন্ন ধরনের সহায়তা বিতরণ করা হয়। বিশেষ করে আর্থিকভাবে অসচ্ছল সেলিব্রিটগুলোর জীবনমান উন্নয়ন এবং তাদের স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে পৌরায়ি মৌশিন দেওয়া হয়। পাশাপাশি আবাসন সংকটে থাকা কয়েকটি পরিবারকে ঘর নির্মাণের জন্য সহায়তা দেওয়া হয়।

আয়োজকরা জানান, দীর্ঘদিন ধরে রাজনৈতিক আন্দোলন-সংগ্রামে অংশ নিতে গিয়ে অনেক নেতাকর্মী নানাজাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন। তাদের কেউ আর্থিক সংকটে পড়ছেন, আবার কেউ স্বাভাবিক জীবনযাপনের সুযোগ হারিয়েছেন। ক্ষতিগ্রস্ত এসব পরিবারকে আর্থিক ও সামাজিকভাবে পুনর্বাসনের লক্ষ্যেই এ উদ্যোগ নেওয়া হয়েছে।

সহায়তা পেয়ে সংগ্রামে প্রকাশ করেন উপকারভোগীরা। তারা জানান, আর্থিক সহযোগিতা ও পোষাি মৌশিন তাঁদের পরিশ্রমের নৈশন্দিন চাহিদা পূরণের পাশাপাশি নতুন করে আয়ের সুযোগ সৃষ্টি করতে পারে। বিশেষ করে ঘর নির্মাণের সহায়তা পাওয়া পরিবারগুলোর নিরাপদ আবাসনের প্রত্যাশা ব্যক্ত করেন।

### বিএসটিআই-এর পরিধি

‘অভিলু লক্ষ্য উন্নত বিশ্ব: শাস্ত্রী ও পরিবেশবান্ধব জ্বালানি’

শিল্পমন্ত্রী বলেন, জনসাধারণ যে পণ্য টাকা খরচ করে ব্যবহার করবেন, সেটির ন্যূনতম সন্তুষ্টি ও গুণগত মান নিশ্চিত করা যেকোনো দায়িত্বশীল সরকারের প্রধান দায়িত্ব। যে ভবন বা পরিবেশকে মানুষ থাকবে কিংবা যে খাদ্য ও জ্বালানি ব্যবহার করবে, তার মান নিয়ে সশস্ত্র থাকলে সার্বক্ষণিক তাত্ক্ষ বিবাজ করে। সেই নিরাপত্তাবোধ নিশ্চিত করতেই বিএসটিআই-এর জনবল ও কর্মমতা বৃদ্ধি করে সারাদেশে এর পরিধি বিস্তৃত করা হচ্ছে। মন্ত্রী আরও বলেন, একজন নাগরিক যখন পেন্ট্রোল পাম্প থেকে তেল বা পিচকিটি গ্যাস কেনে, তখন তিনি যেখ নিশ্চিত থাকেন যে পরিমাপ সঠিক আছে। বাজারে যে দূধ বা জিলাপি বিক্রি হচ্ছে, সেগুলোর বিত্তুদ্ধতা ও মান যেন নিশ্চিত হয়- এমনে জিলাপিতে ক্ষতিকর হাইড্রোজ বা অন্য কিছু নেই। একই সাথে যে ভবনে মানুষ বসবাস করছে, তার নির্মাণশাস্ত্রী যেন মানসম্মত হয়।

তিনি বলেন, এই ধরনের একটি নিরাপদ ও বসবাসযোগ্য পরিবেশ তৈরি করতেই বিএসটিআই-এর কাজের পরিধি ক্রমাগত বাড়ানো হচ্ছে।

খন্দকার আব্দুল মুজাদ্দির বলেন, মানুষের মনে এই নিরাপত্তাবোধ ও সন্তুষ্টি এসে দেওয়া যেকোনো দায়িত্বশীল সরকারের সর্বোচ্চ আর্থিকার। বিএসটিআই-এর চলমান উন্নয়নমূলক কর্মকাজের তুলে ধরে শিল্পমন্ত্রী আরও জানান, সংশ্লিষ্ট সক্ষমতা বাড়াতে তিনি বড় প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। এর মধ্যে বিএসটিআই কমপ্লেক্সের মাধ্যমে প্রায় ৮৫০ কোটি টাকা ব্যয়ে একটি ১৩ তলা ভবন এবং ৩৬টি নতুন আধুনিক ল্যাব স্থাপন করা হচ্ছে। এছাড়া ১০টি জেলায় নতুন পরীক্ষাগার স্থাপন ও প্রায় ৪৫০০ কোটি টাকা ব্যয়ে একটি মেন্ট্রোলজি ল্যাব তৈরির প্রকল্প হাতে নেওয়া হয়েছে।এলডিসি এ্যান্ড্রেশেশনের পর আন্তর্জাতিক অঙ্গনে স্বীকৃতির বিষয়ে মন্ত্রী বলেন, আন্তর্জাতিক মাননিয়ন্ত্রণ সংস্থাগুলোর সাথে বিএসটিআই মেন ‘মিউচুয়াল রিকসানিন’ (পারস্পরিক স্বীকৃতি) চুক্তি করতে পারে, সে লক্ষ্যে কাজ চলছে। হালাল সার্টিফিকেশনের মতো অন্যান্য ক্ষেত্রেও বৈশ্বিক মান অর্জনে বিএসটিআই উদ্যোগ জোরদার করছে।

এ সময় খন্দকার আব্দুল মুজাদ্দির আরও জানান, সম্প্রতি সয়াবিন তেলে ভারী তেল ও সিসা থাকার অভিযোগের ক্ষেত্রে হওয়ার পর বিএসটিআই বিভিন্ন ব্র্যান্ডের সয়াবিন তেলের ১৯৩টি নমুনা পরীক্ষা করেছে। পরীক্ষায় দেখা গেছে বাজারে থাকা সয়াবিন তেল বিত্তুদ্ধ এবং এতে কোনো ক্ষতিকর উপাদান নেই।

খানদের পূর্ব বিত্তুদ্ধতা নিশ্চিত করা সরকারের অন্যতম শীর্ষ আর্থাদিকার বলে তিনি উল্লেখ করেন।

বিএসটিআইর মহাপরিচালক (সচিব) কাজী ইমদাদুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন শিল্প মন্ত্রণালয়ের সচিব আব্দুল নাসের খান ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসজিডি বিষয়ক মুখ্য সম্বক্ষক অধ্যাপক ড. এস এম আব্দুল-আওয়াল। অনুষ্ঠানে মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন এফবিসিআই প্রশাসক মো. ফজলুল হক।

### স্পিকারের সঙ্গে ইউএনডিপি’র

সংসদীয় গণতন্ত্রের অগ্রযাত্রায় তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করছে। স্পিকার বলেন, বিগত সরকারের ১৫ বছরের স্ফোরণী শাসনে বিচার-বৈধিত্ব হত্যাকাণ্ড, অর্থ পালার, ভূম ও খুনের রাজনীতি এদেশের জনগণের মৌলিক অধিকার হরণ করছিল। সর্বশেষ নৃহত্বি জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে এদেশে পুনরায় গণতন্ত্র প্রতিষ্ঠা লাভ করেছে। তিনি বলেন, জাতীয়ত্বের মানবাবিকার কর্মচারদের তদন্ত রিপোর্টে বিগত ফ্যাসিবাদী সরকারের শাসনামলে অসাব্য ভিত্তি বৃদ্ধি উঠেছে।



বিশ্ব মান দিবস ২০২৬

# সাশ্রয়ী ও পরিবেশবান্ধব জ্বালানিই উন্নত বিশ্বের ভিত্তি: “অভিন্ন লক্ষ্য উন্নত বিশ্ব-সাশ্রয়ী ও পরিবেশ বান্ধব জ্বালানি”

এবিএম ফজলুর রহমান



উন্নত বিশ্ব গড়ার স্বপ্ন শুধু অর্থনৈতিক প্রবৃদ্ধি, আধুনিক অবকাঠামো কিংবা প্রযুক্তির উৎকর্ষের মধ্যে সীমাবদ্ধ নয়। একটি উন্নত বিশ্ব মানে নিরাপদ জীবন, দুষণমুক্ত পরিবেশ, জ্বালানির সাশ্রয়ী ব্যবহার, মানসম্মত পণ্য ও সেবা এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য বাসযোগ্য পৃথিবী নিশ্চিত

করা। আর এসব লক্ষ্য অর্জনের অন্যতম গুরুত্বপূর্ণ হাতিয়ার হলো মানসম্মত প্রযুক্তি, আন্তর্জাতিক মান অনুসরণ এবং পরিবেশবান্ধব জ্বালানির কার্যকর ব্যবহার। এ বাস্তবতাকে সামনে রেখে আগামী ১৪ অক্টোবর পাবনাসহ বিশ্বব্যাপী পালিত হবে বিশ্ব মান দিবস ২০২৬। এবারের প্রতিপাদন- ‘অভিন্ন লক্ষ্য উন্নত বিশ্ব-সাশ্রয়ী ও পরিবেশবান্ধব জ্বালানি’। প্রতিপাদ্যটি কেবল একটি আনুষ্ঠানিক স্লোগান নয়; বরং বর্তমান বিশ্বের জ্বালানি সংকট, জলবায়ু পরিবর্তন ও টেকসই উন্নয়নের চ্যালেঞ্জ মোকাবিলায় সম্মিলিত উদ্যোগের একটি গুরুত্বপূর্ণ বার্তা।

দিবসটির তাৎপর্য বিবেচনায় ১৪ অক্টোবর সকাল সাড়ে ৯টায় পাবনা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়েছে। বিএসটিআই পাবনা আঞ্চলিক অফিসের উপ-পরিচালক মো. জাহেদুল ইসলামের সভাপতিত্বে আলোচনায় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পাবনার জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট আমিনুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পাবনা জেলা পরিষদ প্রশাসক মোহাম্ম জহুরুল ইসলাম বিণ্ড, পুলিশ সুপার আবু আশ্রাফ। অনুষ্ঠানে মূল প্রবন্ধ পাঠ করবেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো: ফিরোজ আলী। পাবনার শিল্প উদ্যোক্তা, ব্যবসায়ী ও রাজনৈতিক নেতৃবৃন্দ ক্যাব ও গণমাধ্যম কর্মীরা অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

বিশ্ব আজ এক কঠিন বাস্তবতার মুখোমুখি। একদিকে বাড়ছে জনসংখ্যা, শিল্পায়ন ও নগরায়ণ; অন্যদিকে বাড়ছে জ্বালানির চাহিদা, জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভরতা এবং পরিবেশদূষণের চাপ। বিদ্যুৎ উৎপাদন, শিল্পকারখানা পরিচালনা, পরিবহন ও গৃহস্থালির কাজে জ্বালানির ব্যবহার ছাড়া আধুনিক জীবন কল্পনা করা কঠিন। কিন্তু জ্বালানির অপরিকল্পিত ব্যবহার, পুরোনো প্রযুক্তির ওপর নির্ভরতা এবং অপচয় আমাদের অর্থনীতি ও পরিবেশের ওপর বাড়তি চাপ

সৃষ্টি করছে। জলবায়ু পরিবর্তনের অভিঘাত, তাপমাত্রা বৃদ্ধি, বায়ুদূষণ এবং প্রাকৃতিক সম্পদের ক্রমবর্ধমান ব্যবহারের পরিপ্রেক্ষিতে এখন প্রয়োজন জ্বালানির দক্ষ ব্যবহার এবং পরিচ্ছন্ন প্রযুক্তির প্রসার। এখানে মানের গুরুত্ব অপরিসীম। মানসম্মত প্রযুক্তি ও যন্ত্রপাতি জ্বালানির অপচয় কমাতে পারে, উৎপাদনশীলতা বাড়াতে পারে এবং পরিবেশের ওপর বিকল্প প্রভাব হ্রাসে সহায়তা করতে পারে। একটি শিল্পকারখানায় দক্ষ মোটর, আধুনিক বয়লার, উন্নত বিদ্যুৎব্যবস্থা ও জ্বালানিসাশ্রয়ী যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে একই পরিমাণ উৎপাদনে তুলনামূলক কম জ্বালানি ব্যয় করা সম্ভব। একইভাবে মনসম্মত বৈদ্যুতিক সরঞ্জাম, জ্বালানিসাশ্রয়ী বাতি, উন্নত শীতাতপনিয়ন্ত্রণ ব্যবস্থা এবং সৌরবিদ্যুতের কার্যকর ব্যবহার ব্যক্তি ও প্রতিষ্ঠানের ব্যয় কমাতে পারে। ফলে মান নিশ্চিত করা শুধু পণ্যের উৎকর্ষ অর্জনের বিষয় নয়; এটি অর্থনৈতিক সাশ্রয়, জ্বালানি নিরাপত্তা এবং পরিবেশ সংরক্ষণেরও অন্যতম পূর্বশর্ত।

বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের জন্য এ বিষয়টি আরও গুরুত্বপূর্ণ। দেশের শিল্পায়ন, কৃষি উৎপাদন, পরিবহন, ব্যবসা-বাণিজ্য এবং নগরজীবনের প্রতিটি ক্ষেত্রে নিরবচ্ছিন্ন ও সাশ্রয়ী জ্বালানির প্রয়োজন রয়েছে। একই সঙ্গে আমদানি-নির্ভর জ্বালানির ব্যয়, আন্তর্জাতিক বাজারের অস্থিরতা এবং বিদ্যুৎ ও জ্বালানি সরবরাহের চ্যালেঞ্জ মোকাবিলা করতে হচ্ছে। এ পরিস্থিতিতে জ্বালানির অপচয় কমানো, দক্ষ প্রযুক্তি ব্যবহার, নবায়নযোগ্য জ্বালানির প্রসার এবং বিদ্যমান ব্যবস্থার কার্যকারিতা বাড়ানো জাতীয় অর্থনীতির জন্য অত্যন্ত জরুরি।

পাবনায় বিশ্ব মান দিবসের আয়োজনকে কেবল আলোচনা সভা, র‍্যালি কিংবা আনুষ্ঠানিক বক্তব্যের মধ্যে সীমাবদ্ধ না রেখে বাস্তবমুখী কর্মসূচির সঙ্গে যুক্ত করা যেতে পারে। শিক্ষাপ্রতিষ্ঠানে মান ও জ্বালানি সাশ্রয়বিষয়ক সচেতনতামূলক আলোচনা, শিল্পপ্রতিষ্ঠানে জ্বালানি দক্ষতা নিয়ে মতবিনিময়, ব্যবসায়ীদের মানসম্মত পণ্য বিক্রিতে উদ্বুদ্ধকরণ এবং সাধারণ মানুষের মধ্যে বিদ্যুৎ সাশ্রয়ের অভ্যাস গড়ে তোলার উদ্যোগ ফলপ্রসূ হতে পারে।

স্থানীয় প্রশাসন, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই), বিদ্যুৎ ও জ্বালানি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, ব্যবসায়ী সংগঠন, শিক্ষাপ্রতিষ্ঠান এবং নাগরিক সমাজ সান্বিতভাবে কাজ করলে দিবসটির তাৎপর্য আরও গভীর হবে।

এখানে বিএসটিআইয়ের দায়িত্ব বিশেষভাবে উল্লেখযোগ্য। পণ্য ও সেবার মান নিশ্চিত করা, প্রযোজ্য ক্ষেত্রে মানসদণ্ড প্রদান, বাজারে মানসংক্রান্ত সচেতনতা বৃদ্ধি এবং মানদণ্ড

বাস্তবায়নে সংশ্লিষ্ট উদ্যোগগুলো জোরদার করা প্রয়োজন। পাশাপাশি উৎপাদক ও আমদানিকারকদের মানসম্মত পণ্য বাজারজাত করতে উৎসাহিত করা এবং ভোক্তাদের অধিকার রক্ষায় কার্যকর ব্যবস্থা গ্রহণ জরুরি। মানের বিষয়ে কোনো ধরনের আপস করলে তার প্রভাব শুধু একজন ভোক্তার ওপর পড়ে না; বরং সামগ্রিক অর্থনীতি, জননিরাপত্তা ও পরিবেশ ক্ষতিগ্রস্ত হতে পারে।

তবে পরিবেশবান্ধব জ্বালানির প্রসারকে শুধু প্রযুক্তিগত বিষয় হিসেবে দেখলে চলবে না। এর সঙ্গে মানুষের জীবনযাপন, ভোগের ধরন এবং সামাজিক দায়িত্ববোধও গভীরভাবে জড়িত। আমরা কতটা প্রয়োজনীয় বিদ্যুৎ ব্যবহার করছি, অপ্রয়োজনীয় শক্তি ব্যয় করছি কি না, পরিবেশের ক্ষতি কমাতে কী পদক্ষেপ নিচ্ছি-এসব প্রশ্নের উত্তর খুঁজতে হবে ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক উভয় পর্যায়ে। পরিবার থেকে শিল্পপ্রতিষ্ঠান, স্থানীয় সরকার থেকে জাতীয় নীতিনির্ধারণী পর্যায়-সবখানেই জ্বালানি সাশ্রয় ও মানসম্মত ব্যবস্থাপনার সংস্কৃতি গড়ে তুলতে হবে।

বিশ্ব মান দিবস ২০২৬ আমাদের সামনে সেই দায়িত্বের কথাই নতুন করে তুলে ধরছে। ‘অভিন্ন লক্ষ্য উন্নত বিশ্ব-সাশ্রয়ী ও পরিবেশবান্ধব জ্বালানি’ প্রতিপাদ্যকে বাস্তবে রূপ দিতে হলে মানসম্মত পণ্য উৎপাদন, জ্বালানির দক্ষ ব্যবহার, নবায়নযোগ্য শক্তির প্রসার, পরিবেশ সুরক্ষা এবং জনসচেতনতা বৃদ্ধির উদ্যোগকে একই সূত্রে গাঁথতে হবে। দিবসটি পালনের সার্থকতা তখনই অর্জিত হবে, যখন এর বার্তা আমাদের নীতি, উৎপাদন, ব্যবসা-বাণিজ্য ও দৈনন্দিন জীবনে বাস্তব পরিবর্তন আনবে।

বিএসটিআই পাবনা আঞ্চলিক অফিসের উপ-পরিচালক মো. জাহেদুল ইসলাম বলেন, দেশের ১০ জেলায় ৪৫০ কোটি টাকা ব্যয়ে বিএসটিআইয়ের নতুন ভবন ও ল্যাবরেটরি নির্মাণ প্যাকেজের আওতায় বৃহত্তর পাবনা জেলার ১৮টি উপজেলার উৎপাদিত পণ্য সামগ্রীর জন্য পাবনা শহরের বালিয়াহাটতে প্রধান সড়কের পাশে ৫৬ শতাংশ জায়গার উপর ৫তলা ভবন নির্মিত হবে। ফলে পাবনা ও সিরাজগঞ্জ শতকরা ৯৫ থেকে ৯৮ ভাগ পণ্যের গুণগম মান পরীক্ষা সম্ভব হবে। সবচেয়ে খুশির বিষয় : তাঁত অধ্যুষিত এই এলাকায় কাপড়, রংসহ অন্যান্য অন্যান্য উৎপাদিত পণ্যের মান পরীক্ষা সম্ভব। উন্নত বিশ্ব গড়ার অভিন্ন লক্ষ্য অর্জনে মানের বিকল্প নেই, আর সাশ্রয়ী ও পরিবেশবান্ধব জ্বালানিই হতে পারে সেই অগ্রযাত্রার অন্যতম প্রধান শক্তি।

লেখক : এবিএম ফজলুর রহমান, সভাপতি কনজুমার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব), পাবনা জেলা শাখা ও সাবেক সভাপতি পাবনা প্রেসক্লাব।

## লাইফস্টাইল

# প্রায়ই রাতে দুঃস্বপ্ন দেখেন? এড়াতে কী করবেন

লাইফস্টাইল ডেস্ক

খারাপ স্বপ্ন দেখে ঘুম ভাঙার অভিজ্ঞতা অনেকেরই আছে। সাধারণ খারাপ স্বপ্ন আর দুঃস্বপ্নের মধ্যে পার্থক্য হলো, দুঃস্বপ্ন আপনাকে ঘুম থেকে জাগিয়ে তুলতে পারে, যার ফলে আপনার রাতের ভালো ঘুম ব্যাহত হয়।

অত্যন্ত উদ্বেগজনক ও ভীতিকর হওয়ার কারণে দুঃস্বপ্ন প্রায়শই ঘুমের ঘাটতি বা অনিদ্রার কারণ হয়ে দাঁড়ায়। আমরা সবাই জানি, প্রতি রাতে ৭ থেকে ৮ ঘণ্টা গভীর ও আরামদায়ক ঘুমের কতটা গুরুত্ব। নিয়মিত দুঃস্বপ্ন দেখার ফলে জীবন দুর্বিষহ হয়ে উঠতে পারে।

কীভাবে ঘুমের মধ্যে দুঃস্বপ্নমুক্ত তা নিয়ে বেশ কিছু পরামর্শ দেওয়া হয়েছে 'হেলদিবিস্টার্ড'এর এক প্রতিবেদনে।

মানসিক চাপ কমান

বিশেষজ্ঞদের মতে, ঘুমের সময়

আপনার অবচেতন মন যখন মানসিক চাপ বা উত্তেজনা থেকে মুক্তি পাওয়ার চেষ্টা করে, তখনই দুঃস্বপ্নের সৃষ্টি হয়। আর অতিরিক্ত মানসিক চাপের চেয়ে বড় কোনো বিষয় মনকে এতটা উদ্বিগ্ন করে তুলতে পারে না।

তাই ঘুমানোর আগে মানসিক চাপ কমিয়ে ফেলা বা মনকে শান্ত করা অত্যন্ত জরুরি।

মানসিক চাপ কমানোর অনেক উপায় বা কার্যকলাপ রয়েছে। যোগব্যায়াম করা থেকে শুরু করে ডায়েরি লেখা-ঘুমানোর আগে এ ধরনের কাজের মাধ্যমে মানসিক চাপ কমিয়ে দুঃস্বপ্নকে দূরে রাখা সম্ভব। আরামদায়ক পরিবেশ তৈরি করুন নিজের বিছানা ও বালিশ ঘুমেয় জন্য সহায়ক হতে পারে। বিছানায় শোয়ার সাথে সাথে যদি আপনি পরম আরাম অনুভব করেন, তবে ঘুমের মধ্যে ভীতিকর স্বপ্ন দেখার ঝুঁকি কমে যায়। তাই সর্বোচ্চ আরামদায়ক বালিশ।



## কাজের ফাঁকে ৫ মিনিটের বিরতিই বাড়াতে পারে কর্মক্ষমতা

লাইফস্টাইল ডেস্ক

আজকাল বেশিরভাগ মানুষই অফিসে বসে কম্পিউটার বা ল্যাপটপের দিকে তাকিয়ে সারাদিন কাজ করে। আবার পড়াশোনা বাড়ি থেকে কাজের ক্ষেত্রেও ঘণ্টার পর ঘণ্টা জিনের সামনে কাটান। কাজের চাপ, ডেডলাইন এবং একের পর এক অনলাইন মিটিংয়ের কারণে অনেকেই কাজের ফাঁকে বিরতি নেওয়ার ক্ষমতা সময় নষ্ট বলে মনে করেন। কিন্তু বাস্তবে নিয়মিত ছোট বিরতি উৎপাদনশীলতা বাড়াতৈই সাহায্য করে।

মনোবিজ্ঞানী ও স্বাস্থ্য বিশেষজ্ঞদের মতে, মানুষের মস্তিষ্ক দীর্ঘ সময় একই কাজে সমানভাবে মনোযোগ ধরে রাখতে পারে না। সাধারণত ৪৫ থেকে ৬০ মিনিট পর মনোযোগ কমাতে শুরু করে। সেই সময়ও একটানা কাজ চালিয়ে গেলে ভুলের সম্ভাবনা বাড়ে, সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা কমে যায় এবং মানসিক ক্লান্তি দ্রুত গ্রাস করে। তাই প্রতি ঘণ্টায় ৫ থেকে ১০ মিনিটের বিরতি নেওয়ায় পরামর্শ দিচ্ছেন বিশেষজ্ঞরা।

বিশেষজ্ঞরা বলেন, দীর্ঘক্ষণ এক জায়গায় বসে কাজ করার ফলে শুধু মানসিক নয়, শারীরিক সমস্যাও বাড়ছে। অধিকাংশেরই মাড় ও কোমরে ব্যথা দেখা দিচ্ছে। এছাড়া কঁধ শক্ত হয়ে যাওয়া, কবজিতে অস্বস্তি এবং চোখে জ্বালাপোড়ার মতো সমস্যা এখন খুবই সাধারণ। চিকিৎসকদের মতে, বিরতির সময় কয়েক মিনিট ইটাহাঁটি করা, হালকা স্ট্রেচিং করা কিংবা জানালার বাইরে তাকিয়ে চোখকে বিশ্রাম দিলে শরীরে রক্তসঞ্চালন স্বাভাবিক থাকে। সেই সঙ্গে পেশির চাপ কমে।



## গলায় কফ জমে অস্বস্তি? ঘরোয়া পানীয়তে সমাধান মিলবে যেভাবে

লাইফস্টাইল ডেস্ক


ঋতু পরিবর্তনের এই সময়ে অনেকেরই গলা খুসখুস, ঢোক গিলতে ব্যথা, নাক বন্ধ হয়ে যাওয়া বা গলায় কফ জমার মতো সমস্যা দেখা দিচ্ছে। কফের কারণে বারবার গলা পরিষ্কার করতে হচ্ছে, আবার অনেক সময় কফের জন্য স্বাভাবিকভাবে কথা বলা বা ঘুমানোও কঠিন হয়ে উঠে। এই পরিস্থিতিতে গরম চা বা পানীয়ের উপর ভরসা করেন অনেকেই। যারা গলায় কফের পেঁয়াজ কমাতে চাইছেন তারা পেঁয়াজ দিয়ে একটি ঘরোয়া পানীয় তৈরি করতে পারেন।

উপকরণ

একটি পেঁয়াজ, এক টেবিল চামচ অলিভ অয়েল এবং দু’টেবিল চামচ মধু।

বানাবেন কীভাবে?

প্রথমে পেঁয়াজটি মোটা করে গোল চাকতির মতো কেটে নিন। এবার কয়েক মিনিট পানিতে ফুটোয় দিন। পেঁয়াজ স্কেদ্ব হয়ে গেলে পানিটি ছেঁকে একটি পরিষ্কার শুকনো।



## অতিরিক্ত দুশ্চিন্তা যখন দৈনন্দিন জীবনে বাধা হয়ে দাঁড়ায়

লাইফস্টাইল ডেস্ক

কাজের চাপ, পরীক্ষা, পারিবারিক সমস্যা কিংবা ভবিষ্যৎ নিয়ে দুশ্চিন্তা- জীবনের নানা পরিস্থিতিতে উদ্ভিগ্ন হওয়া স্বাভাবিক। তবে এই দুশ্চিন্তা যখন দীর্ঘস্থায়ী হয়, নিয়ন্ত্রণ করা কঠিন হয়ে পড়ে এবং ঘুম, কাজ, পড়াশোনা কিংবা ব্যক্তিগত সম্পর্কে প্রভাব ফেলে, তখন তা মানসিক স্বাস্থ্যের সমস্যার লক্ষণ হতে পারে। অতিরিক্ত দুশ্চিন্তার কারণে অনেকেই স্বাভাবিক জীবনযাপনে বাধার মুখে পড়েন। তাই সমস্যাটি বুঝতে পারা, সতর্কতামূলক লক্ষণগুলো চেনা এবং প্রয়োজন অনুযায়ী সহায়তা নেওয়া জরুরি।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) তথ্য অনুযায়ী, ২০২৩ সালে বিশ্বজুড়ে আনুমানিক ৪৭ কোটি মানুষ উদ্বেগজনিত সমস্যায় ভুগেছেন। এ ধরনের সমস্যায় অতিরিক্ত ভয় ও দুশ্চিন্তা দীর্ঘস্থায়ী হতে পারে এবং দৈনন্দিন কাজকর্ম ব্যাহত করতে পারে। নারী ও মেয়েদের মধ্যে এ সমস্যার প্রবণতা পুরুষ ও ছেলেদের তুলনায় বেশি। উদ্বেগজনিত সমস্যার লক্ষণ শৈশব ও কৈশোরেও দেখা দিতে পারে। অতিরিক্ত দুশ্চিন্তা কেন সমস্যা হয়ে দাঁড়ায়

কোনো গুরুত্বপূর্ণ কাজের আগে চিন্তা হওয়া কিংবা অনিশ্চিত পরিস্থিতিতে অস্বস্তি বোধ করা স্বাভাবিক। কিন্তু কোনো কারণ ছাড়াই বারবার খারাপ কিছু ঘটার আশঙ্কা করা, ছোটখাটো বিষয় নিয়ে দীর্ঘ সময় চিন্তা করা কিংবা দুশ্চিন্তা থামাতে না পারা স্বাভাবিক জীবনকে কঠিন করে তুলতে পারে। এ অবস্থায় কাজে মনোযোগ দেওয়া, সিদ্ধান্ত নেওয়া কিংবা অন্যের সঙ্গে স্বাভাবিকভাবে মেলামেশা করা কঠিন হয়ে পড়ে।

কেউ কেউ দুশ্চিন্তার কারণে সামাজিক অনুষ্ঠান এড়িয়ে বলেন, আবার কারও ঘুমের সমস্যা দেখা দেয়। দীর্ঘদিন এমন পরিস্থিতি চলতে থাকলে মানসিক চাপের পাশাপাশি শারীরিক অস্বস্তিও বাড়তে পারে।

অতিরিক্ত দুশ্চিন্তার যেসব লক্ষণ যেয়াল রাখবেন

দুশ্চিন্তা সবার ক্ষেত্রে একইভাবে প্রকাশ পায় না। তবে কিছু লক্ষণ বারবার দেখা দিলে এবং দৈনন্দিন জীবনে প্রভাব ফেলেলে সেগুলোর দিকে নজর দেওয়া প্রয়োজন।

কোনো স্পষ্ট কারণ না থাকলেও মনে হতে পারে, সামনে বিপদ অপেক্ষা করছে। কোনো সমস্যা সমাধান হয়ে যাওয়ার পরও তা নিয়ে দুশ্চিন্তা চলতে পারে।

একের পর এক চিন্তা মাথায় আসায় কাজে মন বসে না।

পড়াশোনা, অফিসের কাজ কিংবা সাধারণ সিদ্ধান্ত নিতেও অসুবিধা হতে পারে।

সব সময় চাপের মধ্যে থাকা, সহজে বিরক্ত হয়ে যাওয়া কিংবা শান্ত হতে না পারা অতিরিক্ত দুশ্চিন্তার সঙ্গে সম্পর্কিত হতে পারে।

রাতে ঘুম আসতে দেরি হওয়া, বারবার ঘুম ভেঙে যাওয়া কিংবা ঘুমাতে গেলেই নানা চিন্তা মাথায় আসা। ঘুমের অভাব আবার ক্লান্তি ও মানসিক চাপ বাড়াতে পারে।

হৃদস্পন্দন বেড়ে যাওয়া, ঘাম হওয়া, শরীর কঁপা, পেশিতে টান, বমি বমি ভাব কিংবা পেটে অস্বস্তি দেখা দিতে পারে। তীব্র আতঙ্কের সময় শ্বাসকষ্ট ও মাথা ঘোরার মতো উপসর্গও হতে পারে।

মানুষের সঙ্গে কথা বলা, সামাজিক অনুষ্ঠানে যাওয়া কিংবা নতুন পরিস্থিতির মুখোমুখি হওয়ার ক্ষেত্রে অতিরিক্ত ভয় কাজ করতে পারে। ফলে ব্যক্তিগত সম্পর্ক ও স্বাভাবিক জীবনযাপন ব্যাহত হতে পারে।

নিজের উদ্বেগ কমানোর

চেষ্টা করেও বারবার একই বিষয় নিয়ে ভাবতে থাকা। এতে কাজের সময় নষ্ট হয় এবং মানসিক ক্লান্তি বাড়ে।

অতিরিক্ত দুশ্চিন্তা কমাতে যা করবেন

দুশ্চিন্তা পুরোপুরি দূর করা সব সময় সম্ভব নয়। তবে কিছু স্বাস্থ্যকর অভ্যাস মানসিক চাপ সামলাতে সহায়তা করতে পারে।

দুশ্চিন্তা বাড়লে আরাম করে বসে ধীরে শ্বাস নিন এবং 'ব্রাঙ্কস্টো শ্বাস ছাড়ুন। কয়েক মিনিট এভাবে শ্বাস-প্রশ্বাসের চর্চা শরীরের উত্তেজনা কমাতে সাহায্য করতে পারে।

প্রতিদিন নিজের সামর্থ্য অনুযায়ী হাঁটা বা হালকা ব্যায়াম করুন। শারীরিক কার্যকলাপ মানসিক সুস্থতা বজায় রাখতে সহায়ক।

প্রতিদিন নির্দিষ্ট সময়ে ঘুমাতে যাওয়া ও ঘুম থেকে ওঠার চেষ্টা করুন। ঘুমের আগে অতিরিক্ত জিন্স ব্যবহার কমানোও উপকারী হতে পারে।

কোন বিষয়টি নিয়ে দুশ্চিন্তা হচ্ছে, তা লিখে ফেলুন। এরপর কোন বিষয়টি আপনার নিয়ন্ত্রণে আছে এবং কোনটি নেই, তা আলাদা করে ভাবুন। এতে সমস্যা বুঝতে ও করণীয় ঠিক করতে সুবিধা হতে পারে।

মনের কথা কাছের কোনো বিশ্বস্ত মানুষের সঙ্গে ভাগ করে নিন। প্রয়োজনে সাহায্য চাইতে দ্বিধা করবেন না।

অতিরিক্ত চা-কফি কিছু মানুষের অস্থিরতা, হৃদস্পন্দন ও ঘুমের সমস্যা বাড়াতে পারে। নিজের শরীরের প্রতিক্রিয়া বুঝে ক্যাফেইন গ্রহণ সীমিত করুন।

দুশ্চিন্তা দীর্ঘদিন স্থায়ী হলে, নিয়ন্ত্রণ করা কঠিন হলে কিংবা কাজ, ঘুম ও সম্পর্কে প্রভাব ফেলেলে মনোরোগ বিশেষজ্ঞ বা মানসিক স্বাস্থ্য পেশাজীবীর পরামর্শ নিন।



## হামজাকে ছাড়াই সাফ শুরু করবে বাংলাদেশ

◆ক্রীড়া ডেস্ক

সাফ চ্যাম্পিয়নশিপের বাকি নেই আর এক মাসও । তবে শুরুতেই ধাক্কা খাচ্ছে বাংলাদেশ । ৪ নভেম্বর থেকে সাফ শুরু হলেও প্রথম ম্যাচে বেশিরভাগ প্রবাসী ফুটবলারকে পাওয়া যাবে না । কারণ ফিফা উইডো শুরু হবে ৯ নভেম্বর থেকে । ইংলিশ চ্যাম্পিয়নশিপে শেফিল্ড ইউনাইটেডের হয়ে খেলা হামজা সৌধুরীর ম্যাচ আছে ৭ নভেম্বর পর্যন্ত । এর মারেই ৫ নভেম্বর সাফে ভুটানের বিপক্ষে প্রথম ম্যাচ খেলতে বাংলাদেশ । শুধু হামজা একাই নন, বাকিদেরও আছে সূচি জটিলতা । তাই প্রথম ম্যাচে ভিন্ন কবিনেশননের দল নিয়ে মার্চে নামতে হবে বাংলাদেশকে । আজ রাজধানীর ফার্স্ট ডাউনটাউনে বৈঠকে বসে জাতীয় দল কমিটি । বাফুকে সভাপতি তাবিথ আউয়াল বলেন, ‘সাফে উদ্বোধনী ম্যাচের জন্য আমরা পূর্ণ ফ্লোয়ড পাব না । ৯০ শতাংশ প্রবাসী খেলোয়াড়কে ৯ নভেম্বরের পরে পাব । প্রথম ম্যাচের পর হয়তো ভিন্ন দল থাকবে । ক্যাম্প শুরু হবে ২৫ অক্টোবর ।’

টুর্নামেন্টের আগে প্রস্তুতি ম্যাচের আয়োজন করতে চায় বাফুকে । তাবিথ বলেন, ‘আমরা চেষ্টা করে দেখব যে বিদেশ থেকে কোনো টিম আনঅফিশিয়াল লিগের বাইরে খেলতে আসবে কি না । একটা প্রীতি ম্যাচ করতে হবে । আমরা কিছু কিছু ক্লাবের সঙ্গেও কথা বলব ।’ সাফের আগে ঘরোয়া লিগের মার্চের নাজুক মান এবং ফুটবলারদের ইনজুরি ঝুঁকি নিয়ে উদ্ব্বেগ প্রসঙ্গে বাফুকে সভাপতি জানান, বিষয়টি ফেডারেশন গুরুত্বের সঙ্গে নিয়েছে । সর্বশেষ আসিয়ান কাপে ভরাডুবি হয়েছে বাংলাদেশের । ইন্দোনেশিয়ার কাছে হজম করতে হয়েছে ৯ গোাল । তাই কোচ টমাস ডুলিও আছেন তাপের মুখে । তবে বাফুকে সভাপতি বলেন, ‘ফুটবল বিশ্বে খেলোয়াড় ও কোচিং স্টাফদের পরিবর্তন আসা একটি স্বাভাবিক প্রক্রিয়া । তবে এর মানে এই নয় যে আমরা এখনই কোনো চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছি, বরং দলের প্রয়োজনে যেকোনো সময় যেকোনো সিদ্ধান্তের পথ খোলা রয়েছে । আসিয়ান কাপ নিয়ে প্রতিটি বিভাগকে জবাবদিহিতার আওতায় এনেছি । আমি নিজেও একাউন্টেবল টু দ্য কমিটি । আমরা খেলোয়াড়দের ব্যাপারেও সিদ্ধান্ত নিয়েছি কিভাবে তাদের আরো জবাবদিহি করা যায় ।’ বাংলাদেশ দলে প্রবাসী ফুটবলারদের আনাগোনা বাড়তে ইংল্যান্ডে বাফুকে বছরে দুই বার টুর্নামেন্ট ও ক্যাম্প করতে চায় বাফুকে । তাবিথ বলেন, ‘ আমরা ইংল্যান্ডে ১৪-১৭ বছর বয়সের জন্য দুটি ক্যাম্প ও টুর্নামেন্ট করতে চাই ।

◆ক্রীড়া ডেস্ক

টেস্ট ক্রিকেটে অনন্য বিশ্বরেকর্ড গড়েছেন বাংলাদেশের উইকেটকিপার-ব্যাটার লিটন কুমার দাস । আধুধাবি টেস্টে ব্যাট হাতে দুই ইনিংসেই পঞ্চাশোর্ধ্ব রান করার পাশাপাশি উইকেটের পেছনে ৯টি ডিসমিসাল করে ইতিহাস গড়েছেন তিনি । টেস্ট ক্রিকেটের ইতিহাসে এক ম্যাচে দুই ইনিংসে অন্তত ৫০ রান এবং ৯টি ডিসমিসালের কীর্তি গড়া প্রথম ক্রিকেটার লিটন (মঙ্গলবার (১৩ অক্টোবর) আফগানিস্তানের বিপক্ষে ম্যাচের পঞ্চম ও শেষ দিনে ইকরাম আলিখিলকে ফিরিয়ে এই রেকর্ড গড়েন লিটন । এবাদত হোসেনের বলে ব্যাট চালাতে গিয়ে উইকেটের পেছনে ক্যাচ দেন ইকরাম । নিজের শরীর থেকে বেশ দূরে চলে যাওয়া বলটি দারুণ ক্ষিত্রতায় তালুবন্দি করেন বাংলাদেশের এই উইকেটরক্ষক ।এর আগে টেস্টে এক ম্যাচে দুই ইনিংসে অন্তত অর্ধশতক ও সর্বোচ্চ ৮টি ডিসমিসালের রেকর্ড ছিল দক্ষিণ আফ্রিকার ডেনিস লিভসের । ১৯৬৬ সালে জোহানেসবার্গে অস্ট্রেলিয়ার বিপক্ষে এই কীর্তি গড়েছিলেন তিনি । এবার লিভসকে ছাড়িয়ে নতুন রেকর্ড নিজের করে নিলেন লিটন।চলতি টেস্টের প্রথম ইনিংসেও দুর্দান্ত




উইকেটকিপিংয়ের নজির দেখিয়েছিলেন লিটন । প্রথম ট্রিপের কাছাকাছি চলে যাওয়া একটি ক্যাচ ঝাঁপিয়ে ধরে নিয়েছিলেন তিনি । সেই ক্যাচেও বোলার ছিলেন ইনিংসে অন্তত অর্ধশতক ও সর্বোচ্চ ৮টি ডিসমিসালের হয়ে গুরুত্বপূর্ণ অবদান রাখেন লিটন ।এদিকে, বাংলাদেশের দেওয়া ৪৭৯ রানের লক্ষ্যে ব্যাট করতে নেমে ম্যাচের চতুর্থ দিন শেষে আফগানিস্তানের সংগ্রহ ছিল ৩ উইকেটে ১৩২ রান । শেষ দিনে জয়ের জন্য তাদের প্রয়োজন ছিল আরও

৩৪৭ রান, অন্যদিকে বাংলাদেশের দরকার ছিল ৭ উইকেট।মঙ্গলবার ইকরাম আলিখিলকে ফিরিয়ে আফগানিস্তানের ৬৬ রানের জুটি ভাঙেন এবাদত-লিটন জুটি । ২০২ রানে চতুর্থ উইকেট হারায় আফগানিস্তান । দ্বিতীয় ইনিংসে এবাদত হোসেনের শিকার তিন উইকেট, হাসান মাহমুদ নিয়েছেন একটি ।এই তো তিন টেস্ট আগেই সেক্ষুরি ও ফিফটি ছিল লিটন কুমার দাসের । সিলেটে পাকিস্তানের বিপক্ষে খেলা ওই ইনিংস দুটি ছিল বিনোদনে ভরপুর । রীতিমতো ক্লাসিক শটে আনন্দ বিলিয়েছেন তিনি । সেই লিটন পরের তিন ইনিংসে তিন শূন্য। অনেক স্বপ্ন নিয়ে অস্ট্রেলিয়া গিয়ে শূন্যহাতে ফেরার কষ্ট কুরে কুরে খেয়েছে তাকে । মার্নজার নাকিস ইকবাল বলেছিলেন, ব্যর্থ লিটন কেঁদে ছিলেন নীরবে । সেই লিটনের মুখে এক সিরিজ পরই হাসি ফুটেছে । খুশিতে দুই ব্রহ্ম প্রসারিত করেছেন । আধুধাবি টেস্টে আফগানিস্তানের বিপক্ষে পেলেন সেক্ষুরি ও হাফ সেক্ষুরি । ম্যাচে ১৫৫ রান তাঁর । আফগানিস্তানের অধিনায়ক রহমত শাহ (১৫৬) ছাড়া লিটনের পেছনে বাকিরা । ছবির মতো ব্যাটিং দিয়ে সেক্ষুরি করার আগে একটি মাইলফলকও ছুঁয়েছেন উইকেটরক্ষক এ ব্যাটার ।

# মেসির চোখে ভবিষ্যৎ ফুটবলের সেরা ১০ তারকা

নিজের অভিজ্ঞ চোখে বিশ্ব ফুটবলের ভবিষ্যৎ প্রজন্মের ১০ প্রতিভাবান খেলোয়াড়কে বেছে নিয়েছেন আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী অধিনায়ক লিওনেল মেসি । তার নির্বাচিত তালিকায় জায়গা করে নিয়েছেন পুরুষ ও নারী ফুটবলের উদীয়মান তারকারা । আর এই তালিকায় আর্জেন্টিনার তরুণ ফুটবলার তোমাস আরান্দার নাম থাকায় বাড়তি আত্মহ তৈরি হয়েছে দেশটির ফুটবলপ্রেমীদের মধ্যে ।মেসির মতো কিংবদন্তির কাছ থেকে এমন স্বীকৃতি পাওয়া যেকোনো তরুণ ফুটবলারের জন্যই বিশেষ অর্জন । আরান্দাও নিজের আনন্দ ও কৃতজ্ঞতা প্রকাশ করেছেন সামাজিক যোগাযোগমাধ্যমে ।বোকা জুনিয়র্সের এই তরুণ প্রতিভার সঙ্গে মেসির পরিচয় অবশ্য কেবল দূর থেকে নয় । ২০২৬ বিশ্বকাপের আগে আর্জেন্টিনা জাতীয় দলের প্রস্তুতির সময় কয়েক সপ্তাহ মেসির সঙ্গে অনুশীলনের সুযোগ পেয়েছিলেন আরান্দা । সেই সময় কাছ থেকেই তাঁর খেলার ধরন দেখার সুযোগ পান আর্জেন্টাইন অধিনায়ক । তবে পায়ের ফিব্রুলা হাড় ভেঙে যাওয়ায় বর্তমানে মার্চের বাইরে রয়েছেন এও তরুণ প্লুমেজার । একটি বিশ্বখ্যাত ক্রীড়াসামগ্রী প্রতিষ্ঠানের বিজ্ঞাপনচিত্রে মেসি এই ১০ প্রতিভার নাম তুলে ধরেন । সেখানে ভবিষ্যৎ ফুটবলের সম্ভাবনা নিয়ে বলা হয়েছে, এই তরুণেরাই নতুনভাবে লিখতে পারে খেলাটির আগামী দিনের গল্প । বর্তমানের সাফল্যের পাশাপাশি ভবিষ্যতের ফুটবল নিয়েও যে মেসির দৃষ্টি রয়েছে, এই উদ্যোগে সেটিই ফুটে উঠেছে । পুরুষ ফুটবলের তরুণদের মধ্যে আছেন তুরস্কের জান উলুন্ন, মেক্সিকোর গিলবার্তো মোরা, ইংল্যান্ডের ম্যাক্স ডাউম্যান, যুক্তরাষ্ট্রের জাভিয়ের গোজো, স্পেনের হেসুস রদ্রিগেস এবং নেদারল্যান্ডসের কিস স্পিট । নিজ নিজ ক্লাবে সম্ভাবনাময় হিসেবে পরিচিত এই খেলোয়াড়দের পাশাপাশি আর্জেন্টিনার আরান্দাকেও ভবিষ্যতের গুরুত্বপূর্ণ মুখ হিসেবে তুলে ধরা হয়েছে ।নারী ফুটবলেও তিন প্রতিভাকে বেছে নিয়েছেন মেসি । তারা হলেন ইংল্যান্ডের ক্রোয়ি সারউই, ব্রাজিলের জিওভান্না ওয়াকসম্যান এবং জার্মানির লোটা ব্রেন্ডে । পুরুষদের পাশাপাশি নারী ফুটবলের উদীয়মান খেলোয়াড়দের অন্তর্ভুক্ত তালিকাটিকে দিয়েছে ভিনু, মাত্রা ।



## বিনোদন



# শাহরুখ-সালমানের প্রসঙ্গ টেনে দেশের নায়কদের ‘বোকা’ বললেন আজিজ

◆বিনোদন ডেস্ক

দেশের চলচ্চিত্রের ব্যবসা ও তারকাদের পারস্পরিক সম্পর্ক নিয়ে কথা বলেছেন প্রযোজক ও জাজ মাল্টিমিডিয়ার কর্ণধার আব্দুল আজিজ । তার মতে, দেশের নায়কদের মধ্যে একে অন্যের প্রতি অনিরাপত্তা ও ইনসল্যান্ডা কাজ করে । ফলে তারা মাল্টিকাস্ট সিনেমায় কাজ করা কিংবা একে অন্যের সিনেমার প্রচারে এগিয়ে আসার ক্ষেত্রে পিছিয়ে থাকেন । এই মানসিকতাকে ব্যবসায়িক দূরদর্শিতার অভাব হিসেবে দেখছেন তিনি । গতকাল সিনেমার গুটিং সেটে গণমাধ্যমের মুখোমুখি হন আব্দুল আজিজ । এসময় তিনি বলেন, ‘একটি চলচ্চিত্রশিল্পে একাধিক তারকা থাকা জরুরি । একজন তারকা একাই টিকে থাকবেন, আর অন্যরা হারিয়ে যাবেন-এমন চিন্তা ইভান্সির জন্য ক্ষতিকর । বরং একাধিক তারকা ও তাদের সিনেমা থাকলে দর্শকের সামনে বিকল্প তৈরি হয়, যা চলচ্চিত্রের ব্যবসাকে এগিয়ে নিতে পারে ।’ তিনি আরও বলেন, ‘আমাদের সিনেমার নায়কদের আমি বোকাই বলব । কারণ, তারা চান, আমি একা সেরা হয়ে থাকি, আর সবাই হারিয়ে যাক । যেখানে একটি ইভান্সিত্রে একজন

তারকা থাকলে সেই ইভান্সি টিকবে না । বাংলাদেশে যদি একটি গার্মেন্টস কারখানা থাকত, তাহলে সেটি বন্ধ হয়ে গেলে পুরো ব্যবসাই শেষ হয়ে যেত । কিন্তু পাঁচ হাজার কারখানা থাকায় ক্রেতার বিভিন্ন জায়গায় যাওয়ার সুযোগ পান । একটির সঙ্গে না মিললে অন্যটির সঙ্গে মিলবে । চলচ্চিত্রেও বিষয়টি এমন ।’ শাকিব খান ও আফরান নিশে শিউউল পেলে তাদের নিয়ে সিনেমার বানানোর কথাও জানান আব্দুল আজিজ । ভারতীয় চলচ্চিত্রের তারকাদের উদাহরণ টেনে আব্দুল আজিজ বলেন, ‘সেখানে বড় তারকারা একে অন্যের সিনেমার প্রচারে অংশ নেন, বিভিন্ন অনুষ্ঠানে যান এবং একসঙ্গে উদ্‌যাপন করেন । এতে তাদের জনপ্রিয়তা বা অবস্থান কমে যায় না । বরং পারস্পরিক সহযোগিতা চলচ্চিত্রশিল্পকে আরও শক্তিশালী করে ।’ তিনি বলেন, ‘সালমান খান ও শাহরুখ খান দুজনই শীর্ষ তারকা । তারা একসঙ্গে আসলে সিনেমা করেছেন । দেবের সিনেমা হলে জিং প্রচার করে, আবার জিতের সিনেমা হলে দেব প্রচার করে । তারা অনিরাপত্তায় ভোগেন না । দেবের প্রিমিয়ারে জিং যায়, জিতের প্রিমিয়ারে দেব যায় । কিন্তু আমাদের দেশে এটা নেই ।



## শুটিংয়ে আহত প্রিয়ন্তী

◆বিনোদন ডেস্ক

নাটকের শুটিং করতে গিয়ে দুর্ঘটনায় পড়ে আহত হয়েছেন ছোট পর্দার অভিনেত্রী প্রিয়ন্তী উবী । হাসপাতালের বেডে শুয়ে একটি দুশ্যার শুটিং করার সময় তারসাম্য হারিয়ে ক্যামেরাসহ তার মুখের ওপর পড়ে যান চিত্রগ্রাহক (ডিওপি) । এতে নাকে গুরুতর আঘাত পান অভিনেত্রী । পরে তাকে হাসপাতালে নিয়ে এন্ড-রে করানো হয় এবং প্রাথমিক চিকিৎসা দেওয়া হয় । সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে নিজের দুর্ঘটনার অভিজ্ঞতা জানিয়ে একটি পোস্ট দিয়েছেন প্রিয়ন্তী উবী । সেখানে তিনি জানিয়েছেন, ঘটনাটি তার জন্য ছিল ভীষণ ভীতিকর । তবে দুর্ঘটনায় কারও কোনো দোষ নেই বলেও স্পষ্ট করেছেন এই অভিনেত্রী । দুর্ঘটনার বর্ণনা দিয়ে প্রিয়ন্তী লিখেছেন, ‘গতকাল শুটিংয়ে আমার একটা অ্যাক্সিডেন্ট হয়েছে । সত্যি বলতে, অভিজ্ঞতাটা ছিল ভয়ংকর! আমি একটা মিউট শট দিচ্ছিলাম, যেখানে আমি হাসপাতালের বেডে শুয়ে ছিলাম আর সবাই মিলে বেডটা টেনে আমাদের জীবনসূচির পাশাপাশি সামাজিক যোগাযোগমাধ্যমেও ততিনী নিয়মিত সক্রিয় থাকেন এবং নিজের প্রতিদিনের কাজের আপডেড, ছবি ও জীবনের গভীর চিন্তাভাবনাগুলো ভক্তদের সঙ্গে শেয়ার করে নেন । সম্প্রতি তাঁর অফিসিয়াল ফেসবুক পেজে কিছু চমকধরার ছবি প্রকাশ করার পাশাপাশি জীবনমুখী একটি বার্তা ভক্তদের উদ্দেশ্যে শেয়ার করেছেন তিনি । পোস্টে তিনি লিখেছেন, “আকাশ হোয়ার হচ্ছে হেই, মেঘের মতো উড়তে পারলেই হলো ।” তাঁর এমন মুক্তচিন্তা ও প্রাঞ্জল অভিব্যক্তি খুব অল্প সময়েরেই নেটিজেনদের দৃষ্টি আকর্ষণ করেছে । ভক্ত ও শুভানুধ্যায়ীরা তাঁর এই পোস্টে ভালোবাসার মন্তব্য করে প্রিয় অভিনেত্রীর জীবনের এই সহজ-সরল দৃষ্টিভঙ্গির প্রশংসা করেছেন এবং তাঁর প্রতি শুভকামনা জানিয়েছেন । ‘ফিরে আসার গল্প’ ধারাবাহিকের মূল প্রেক্ষাপট আবর্তিত হয়েছে একটি মধ্যবিত্ত পরিবারের অভ্যন্তরীণ বন্ধন, পারস্পরিক আবেগ ও জীবনের খাঁজি ।

◆বিনোদন ডেস্ক

ছোট পর্দার অত্যন্ত জনপ্রিয় ও সাবলীল অভিনয়শিল্পী তানজিম সাইয়রা তটিনী তাঁর চমৎকার অভিনয়শৈলী দিয়ে নাট্যঙ্গনে নিজের অবস্থান দিন দিন আরও সুদৃঢ় ও মজবুত করে তুলছেন । ক্যারিয়ারের শুরু থেকেই চরিত্র নির্বাচনের ক্ষেত্রে তিনি যে মূল্যিয়ানা দেখিয়ে আসছেন, তা তাঁকে অল্প সময়েই দর্শকপ্রিয়তার শীর্ষে পৌঁছে দিয়েছে । এরই ধারাবাহিকতায় জনপ্রিয় এই তারকা এবার পরিবারিক জীবনের নানা স্পর্শকাতর গল্প নিয়ে তৈরি নতুন ধারাবাহিক নাটক ‘ফিরে আসা গল্প’-এ অভিনয় করে

নানা কঠিন টানাপোড়েনকে কেন্দ্র করে । এই নাটকে তটিনীর উপস্থিতি দর্শককে এক নতুন অনুভূতির সঙ্গে পরিচয় করিয়ে দিয়েছে । ধারাবাহিকটির প্রচার শুরুর পর থেকেই এর গল্প ও চরিত্রগুলো নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে নানা ইতিবাচক চর্চা দেখা যাচ্ছে । তটিনীর ভক্তদের মতে, নতুন এই ধারাবাহিকের মাধ্যমে তাঁর অভিনয় ক্যারিয়ারে সাফল্যের নতুন একটি মাইলফলক যুক্ত হবে এবং তাঁর অভিনীত চরিত্রটি দীর্ঘ সময়



# আত্মহত্যা করেছেন ‘ব্রেকিং ব্যাড’ অভিনেতা

◆বিনোদন ডেস্ক

হলিউন্ডের জনপ্রিয় টেলিভিশন সিরিজ ‘ব্রেকিং ব্যাড’-এর অভিনেতা আরজে মিটে মারা গেছেন । ৩৪ বছর বয়সী এই অভিনেতার মৃত্যুর খবর নিশ্চিত করেছেন তার প্রতিনিধিরা।যুক্তরাষ্ট্রের টেক্সাসের ব্রাউনসভিলে তার মৃত্যু হয় । পরে তার মৃত্যুর কারণ আত্মহত্যা বলে নিশ্চিত করা হয় ।‘ব্রেকিং ব্যাড’ সিরিজে ওয়াশ্টার হোয়াইট জুনিয়র চরিত্রে অভিনয় করে পরিচিত পান আরজে মিটে । সিরিজে তিনি ছিলেন ব্রায়ান ক্র্যানস্টন অভিনীত ওয়াশ্টার হোয়াইটের ছেলে চরিত্রটির মধ্য দিয়ে দর্শকদের কাছে বিশেষ পরিচিত পেরয়েছিলেন এই অভিনেতা । বাস্তব জীবনেও চরিত্রটির মতো সেরিব্রাল

পালসিত আক্রান্ত ছিলেন মিটে । নিজের শারীরিক অভিজ্ঞতাকে অভিনয়ে কাজে লাগানোর পাশাপাশি প্রতিবন্ধী মানুষের অধিকার এবং বিনোদনজগতে তাদের প্রতিনিধিত্ব বাড়ানোর পক্ষে সোচ্চার ছিলেন তিনি । ২০০৮ সালে প্রচার শুরু হওয়া ‘ব্রেকিং ব্যাড’-এর পাঁচটি সিজনেই অভিনয় করেছেন মিটে । ভিস গিলিগানের নির্মিত সিরিজটি টেলিভিশনের অন্যতম প্রশংসিত অপরাধনির্ভর নাটক হিসেবে পরিচিত।যুক্তরাষ্ট্রের মিসিসিপি অঙ্গরাজ্যের জ্যাকসনে জন্ম মিটের । জন্মের সময় মস্তিষ্কে ক্ষতি হওয়ায় শারীরিক জটিলতা দেখা দেয় তার । তিন বছর বয়সে দৃষ্টিভঙ্গি পালপি শনাক্ত হওয়ার পর দত্তক পরিবারে বেড়ে ওঠেন তিনি ।নিজের শারীরিক অবস্থাকে

অভিনয়ের পথে বাধা হতে দেননি মিটে । তার অভিনয় বিনোদনজগতে প্রতিবন্ধী মানুষের প্রতিনিধিত্ব বাড়ানোর ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে ।‘ব্রেকিং ব্যাড’-এর পরও বেশ কয়েকটি সিনেমা ও টেলিভিশন সিরিজে অভিনয় করেছেন মিটে । তার উল্লেখযোগ্য কাজের মধ্যে রয়েছে ‘সুইচড অ্যাট বার্থ’, ‘দ্য রিকল’, ‘দ্য ওক রুম’ এবং স্টেটস্ফ্রিয়ারের সুপারহিরোভিত্তিক সিরিজ ‘দ্য গার্ডিয়ানস অব জাস্টিস’ । অভিনয়ের বাইরেও প্রতিবন্ধী মানুষের অধিকার নিয়ে সক্রিয় ছিলেন এই অভিনেতা । ইউনাইটেড সেরিব্রাল পালসি ও শ্রাইনার্স চিলাড্রেনসের দূত হিসেবে দায়িত্ব পালন করেছেন তিনি । নিজের দাতব্য সংস্থা মিটে ফাউন্ডেশনের মাধ্যমেও বিভিন্ন জনকল্যাণমূলক উদ্যোগে যুক্ত ছিলেন ।

প্রতিবন্ধী মানুষকে ঘিরে প্রচলিত নেতিবাচক ধারণা বদলাানো এবং বিনোদনজগতে তাঁদের অংশগ্রহণ বাড়ানো ছিল তার কাজের অন্যতম লক্ষ্য । মৃত্যুর আগে নতুন সিনেমা ‘টকিং টু স্ট্রেঞ্জার্স’-এর প্রচার নিয়ে ব্যস্ত ছিলেন মিটে । ছবিটিতে সেরিব্রাল পালসিতে আক্রান্ত এক ব্যক্তির চরিত্রে অভিনয় করেছেন তিনি । সেন্টম্বরের শেষ দিকে সিনেমাটির প্রদর্শনীতেও অংশ নেন । অক্টোবরের শুরুতে যুক্তরাষ্ট্রের নিউ মেক্সিকোর আলবুকার্কে একটি অনুষ্ঠানে দেখা গিয়েছিল তাকে । ব্যক্তিগত জীবনেও নতুন অধ্যায়ের অপেক্ষায় ছিলেন এই অভিনেতা । দীর্ঘদিনের প্রেমিকা কেনেডি স্মাররেজের সঙ্গে ২০২৫ সালে বাণগতানুগত্য হয় তার । ২০১৮ সালে শুরু হয়েছিল তাদের সম্পর্ক ।



# ইন্দোনেশিয়ার দাবানলে দূষিত বাতাস, মালয়েশিয়ায় স্কুল বন্ধ

আন্তর্জাতিক ডেস্ক

ইন্দোনেশিয়ার দাবানলে সৃষ্ট দূষিত বাতাসের কারণে জনস্বাস্থ্য নিয়ে উদ্বেগ বাড়ছে সিঙ্গাপুর ও মালয়েশিয়ায়। এ পরিস্থিতিতে গতকাল সোমবার ধোঁয়াশাজনিত অসুস্থতার চিকিৎসায় ভর্ত্তিকি চালু করেছে সিঙ্গাপুর অন্যান্দিকে, মালয়েশিয়ার কয়েকটি এলাকায় স্কুল বন্ধ রাখা হয়েছে। সুইজারল্যান্ডভিত্তিক বায়ুমান পর্যবেক্ষণ সংস্থা আইকিউএয়ারের তথ্য অনুযায়ী, গতকাল সোমবার বিশ্বের সবচেয়ে দূষিত শহরের তালিকায় আবারও শীর্ষে ছিল সিঙ্গাপুর। এল নিমোর তীব্র প্রভাবে বোর্নিও ও সুমাত্রা দ্বীপের দাবানল আরও ছড়িয়ে পড়েছে। এসব আঙুন থেকে প্রতিনিয়ত বিষাক্ত ধোঁয়াশা ছড়াচ্ছে। সিঙ্গাপুর থেকে বার্তা সংস্থা এএফপি এ খবর জানিয়েছে। দাবানলের কারণে স্থানীয়ভাবে তীব্র ধোঁয়াশার সৃষ্টি হয়েছে।

## দিল্লির যন্তুর মন্তরে বিরোধীদের আর বিক্ষোভ সমাবেশ করতে দেবে না পুলিশ

আন্তর্জাতিক ডেস্ক

ভারতের রাজধানী দিল্লির যন্তর মন্তরে আর কাউকে বিক্ষোভ সমাবেশ বা ধরনায় বসতে দেওয়া হবে না। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এই সিদ্ধান্তের কথা জানিয়ে দিয়েছে দিল্লি পুলিশ। গতকাল রোববার এই নির্দেশিকা জারি করে দিল্লি পুলিশ জানিয়েছে, এবার থেকে বিক্ষোভ দেখাতে হলে তিনটি জায়গার কোনো একটি বেছে নিতে হবে। সেই তিন জায়গা হলো পুরানো দিল্লি রামলীলা ময়দান, উত্তর দিল্লির বুরারির মাঠ অথবা পূর্ব দিল্লির সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্ট বা ‘সিবিডি’ ময়দান। অর্থাৎ সেন্ট্রাল বা মধ্য দিল্লির কোথাও কাউকে আর বিক্ষোভ করার অনুমতি দেওয়া হবে না। দেশের নাগরিকদের গণতান্ত্রিক শান্তিপূর্ণ

|                                                                                                                                                |
|------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| সেই তিন জায়গা হলো পুরানো দিল্লি রামলীলা ময়দান, উত্তর দিল্লির বুরারির মাঠ অথবা পূর্ব দিল্লির সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্ট বা ‘সিবিডি’ ময়দান। |
|------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|

বিক্ষোভ দেখানোর জন্য নির্দিষ্ট জায়গা বেছে দেওয়ার পরামর্শ দিয়েছিলেন সুপ্রিম কোর্ট। সেই সুপারিশ অনুযায়ী কেন্দ্রীয় সরকার এই সিদ্ধান্ত নেয়। সিদ্ধান্তের কথা সরকারিভাবে জানিয়ে দেয় দিল্লি পুলিশ। যদিও বিরোধীরা এই সিদ্ধান্ত মানতে রাজি নয়। দিল্লির পুলিশ কমিশনার অনুরাগ কুমার ওই নির্দেশে জানান, যন্তর মন্তর আর প্রতিবাদস্থল থাকছে না। বিক্ষোভ দেখাতে হলে কোনো রকম সমাবেশ করতে হলে আন্দোলনকারীদের তিনটির

#### দেড় বছরের মধ্যে সর্বোচ্চ ডলারের দর

আন্তর্জাতিক ডেস্ক

ইয়েমেনের ইরান-সমর্থিত হুথিরা সৌদি আরবে হামলা জোরদার করার পর তেলের বাজারে অস্থিরতা দেখা দেয়। বৈশ্ব্যক রেন্ট ব্রুডের দর ব্যারেলপ্রতি ০.৫ শতাংশ কমে ১০৪ ডলার নেমে এসেছে। তবে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ডট্রাম্পের ইউক্রেন-রাশিয়া ‘জ্বালানি যুদ্ধবিরতি’র ঘোষণার কারণে দাম কিছুটা কমলেও যুদ্ধ শুরুর আগের তুলনায় তা এখনো প্রায় ৪৫ শতাংশ বেশি রয়েছে। ছয়টি প্রধান মুদ্রার বিপরীতে ডলারের সূচক সামান্য কমে ১০২.১৬ পর্যায়ে দাঁড়ালেও এটি গত সপ্তাহে অর্জিত দেড় বছরের শীর্ষ অবস্থানের কাছাকাছিই রয়েছে। যুক্তরাষ্ট্রের বাজার নিয়ামক সংস্থার তথ্য অনুসারে, ৭ অক্টোবর শেষ হওয়া সপ্তাহে ডলারের ওপর বিনিয়োগকারীদের ইতিবাচক বাজি বেড়ে দাঁড়ায় প্রায় ৩ হাজার ৬০০ কোটি ডলারে, যা তিন সপ্তাহ আগেও ছিল ৮৪০ কোটি ডলার। এমইউএফজি-এর কারেসি স্ট্রাটাজিক্স লি হার্ডম্যান বলেন, বিদেশি নেতিবাচক পরিস্থিতির কারণে সম্প্রতি মার্কিন ডলার শক্তিশালী হয়েছে, যা এর আবেদন বাড়িয়েছে। আগামী বুধবার যুক্তরাষ্ট্রের ভোক্তা মূল্যস্ফীতির প্রতিবেদন প্রকাশ পাওয়ার কথা রয়েছে। এই প্রতিবেদন প্রকাশ সোমে ফেডারেল রিজার্ভের নীতি নির্ধারণী বৈঠকের সিদ্ধান্ত ও সুদের হারের গতিপথ নির্ধারণে বড় ভূমিকা রাখবে। গত মাসে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে ২০২৩ সালের পর প্রথমবারের মতো সুদের হার বাড়ায় ফেড। এ বিষয়ে পেনাপ্যটেনের গবেষণা প্রধান ক্রিস ওয়েস্টন বলেন, অক্টোবরে ফেডের সুদের হার বাড়ানোর সম্ভাবনা কম। তবে মূল্যস্ফীতির তথ্য বেশি এলে প্রশ্ন উঠবে তারা আবার জন্মারিতে সুদের হার বাড়াবে কি না। অন্যদিকে ইউরো স্থিতিশীল হয়ে ১.১২ ডলারে সেনদেন হলেও ফ্রান্সের রাজনৈতিক অনিশ্চয়তা ও আর্থিক পরিস্থিতির কারণে এটি টানা পঞ্চম সপ্তাহে লোকসানের মুখে পড়ছে।

#### আন্তর্জাতিক

## তাইওয়ানের সঙ্গে সম্পর্কের জেরে দুই দেশের দুই মন্ত্রীর ওপর চীনের নিষেধাজ্ঞা

আন্তর্জাতিক ডেস্ক

তাইওয়ানের সঙ্গে সম্পর্ক রাখায় প্যারাগুয়ের যোগাযোগমন্ত্রী গুস্তাভো ভিলাতে এবং বেলিজের পররাষ্ট্রমন্ত্রী ফ্রান্সিস ফনসেকোর ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে চীন। গতকাল সোমবার চীনের পররাষ্ট্র মন্ত্রণালয় এই ঘোষণা দেয়। ঘোষণা দেওয়ার দিন থেকেই এই নিষেধাজ্ঞা কার্যকর হয়েছে। খবর আল জাজিরা। চীনের জাতীয় সার্বভৌমত্ব রক্ষা এবং তাইওয়ানের বিচ্ছিন্নতাবাদী কর্মকাণ্ডের বিরোধিতাকে এই পদক্ষেপের কারণ হিসেবে উল্লেখ করা হয়েছে। প্যারাগুয়ে ও বেলিজের এই দুই মন্ত্রীর চীনে থাকা সম্পদ জব্দ করা হবে। এছাড়া হংকং ও ম্যাকাওতে প্রবেশের অনুমতি পাবেন না তারা। এই নিষেধাজ্ঞার ফলে চীনের কোনো সংস্থা বা ব্যক্তি ওই মন্ত্রীদের সঙ্গে কোনো ধরনের লেনদেন, সহযোগিতা বা অন্য কোনো কার্যকলাপে অংশ নিতে পারবে না। চীনের পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে,‘স্বাধা্বেষী’ কিছু ‘চীনবিরোধী রাজনীতিক’ তাদের দেশগুলোকে তাইওয়ানের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক বজায় রাখতে প্ররোচিত করেছেন।

বেইজিং জানিয়েছে, ওই মন্ত্রীরা ‘বেশ কিছু আপত্তিকর পদক্ষেপ নিয়েছেন এবং মন্তব্য করেছেন’, যা ‘চীনের মূল স্বার্থের ক্ষতি করছে’। তাইওয়ানের সঙ্গে আনুষ্ঠানিক কূটনৈতিক সম্পর্ক বজায় রাখা ১২টি দেশের মধ্যে প্যারাগুয়ে ও বেলিজ অন্যতম।

চীন তাইওয়ানকে নিজেদের ভূখণ্ড বলে মনে করে। তবে দ্বীপটির সরকার দৃঢ়ভাবে এই দাবি প্রত্যাখ্যান করে আসছে। তাইওয়ানের দেশগুণ্যে ও বেলিজ অন্যতম।

চীন তাইওয়ানকে নিজেদের ভূখণ্ড বলে মনে করে। তবে দ্বীপটির সরকার দৃঢ়ভাবে এই দাবি প্রত্যাখ্যান করে আসছে। তাইওয়ানের জাতীয় দিবস উদযাপনের দুদিন পর এই পদক্ষেপ নেওয়া হলো।

প্যারাগুয়ের যোগাযোগমন্ত্রী ভিলাতে সামাজিক যোগাযোগমাধ্যমে এক পোস্টের মাধ্যমে তাইওয়ানের জাতীয় দিবস উদযাপন করেন। তিনি বলেন, ‘প্যারাগুয়ে তার বন্ধুত্ব ও সহযোগিতার সম্পর্ক পুনর্ব্যক্ত করছে, যা অভিন্ন

মূল্যবোধ ও নীতির ওপর প্রতিষ্ঠিত-যেমন জনগণের আত্মনিয়ন্ত্রণের অধিকার, মানবাধিকার এবং গণতন্ত্র।’ তাইওয়ানে অবস্থিত বেলিজের দূতাবাসও তাদের কূটনৈতিক সম্পর্কের ৩৭তম বার্ষিকী উদযাপন উপলক্ষে ফেসবুকে একটি বার্তা প্রকাশ করেছে। দূতাবাসটি লিখেছে, ‘আমরা সবাই মিলে প্রবৃদ্ধি, সুযোগ এবং দীর্ঘস্থায়ী বন্ধুত্বের এক ভবিষ্যতের প্রত্যাশা করছি।’ গত মাসে তাইওয়ানের পররাষ্ট্রমন্ত্রী লিন চিয়া-লুং বেলিজ সফর

| আতঙ্কে অন্যরাও                                                                                                             |
|----------------------------------------------------------------------------------------------------------------------------|
| প্যারাগুয়ে ও বেলিজের এই দুই মন্ত্রীর চীনে থাকা সম্পদ জব্দ করা হবে। এছাড়া হংকং ও ম্যাকাওতে প্রবেশের অনুমতি পাবেন না তারা। |

করেন। তার মন্ত্রণালয় জানিয়েছে, উভয় পক্ষ সম্পর্ক আরও জোরদার করতে সম্মত হয়েছে। আমেরিকা অঞ্চলে তাইওয়ানের অন্যান্য মিত্র দেশগুলোর মধ্যে রয়েছে গুয়াতেমালা ও হাইতি। এ ছাড়া ক্যারিবীয় অঞ্চলের তিনটি দ্বীপরাষ্ট্রের সঙ্গেও তাদের আনুষ্ঠানিক কূটনৈতিক সম্পর্ক রয়েছে। তাইওয়ানের সঙ্গে যুক্তরাষ্ট্রের কোনো আনুষ্ঠানিক কূটনৈতিক সম্পর্ক না থাকলেও, আইন অনুযায়ী দ্বীপটিকে আত্মরক্ষার সক্ষমতা জোগাতে ওয়াশিংটন বাধ্য। চীনের সম্ভাব্য আক্রমণ প্রতিরোধের লক্ষ্যে তাইওয়ান যখন নিজেদের প্রতিরক্ষা সক্ষমতা জোরদার করার চেষ্টা করছে, ঠিক সেই সময়েই চলতি মাসের শুরুর দিকে যুক্তরাষ্ট্র দ্বীপটিকে দুটি যুদ্ধবিমান সরবরাহ করেছে।



সিজেপি গত জুলাইয়ে এই যন্তর মন্তরে বিক্ষোভ সমাবেশ করেছিল। সেখানে তাদের ছত্রভঙ্গ করতে কাঁদনে গ্যাসের শেল ছুড়েছিল পুলিশ। গতকাল নয়াদিল্লি থেকে তোলা।

#### ৮৪ জন নিখোঁজ

# বাব আল-মান্দেবের কাছে নৌকা ডুবে ১৩৯ জন অভিবাসীর মৃত্যু

দলগুলো স্থানীয় কর্তৃপক্ষের পাশাপাশি ঘটনাস্থলে কাজ করছে।” কেইসাক আরও বলেছেন, “এই মর্মান্তিক ঘটনাটি সেই বিপদের কথা স্পষ্টভাবে মনে করিয়ে দেয়, যার মুখোমুখি হতে হয় অভিবাসীদের-যারা উন্নত অর্থনৈতিক সুযোগের সন্ধানে এই অভিবাসন পথ পাড়ি দিতে গিয়ে ঝুঁকির মুখে পড়েন।”আলেকজান্দ্রে কেইসাক জিুবুতির সরকারি কর্তৃপক্ষ যাদের দাফন

|                                                                                                                                                                                      |
|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| গত ৮ অক্টোবর বৃহস্পতিবার রাত থেকে শুক্রবার ভোরের মধ্যে কোনো এক সময় ডুবেছে নৌকাটি। জিুবুতির কোস্টগার্ড বাহিনীর তৎপরতায় দুর্ঘটনার বৈচে ফিরতে পেরেছেন ৮০ জনেরও বেশি অভিবাসনপ্রত্যাশী। |
|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|

করেছে, মৃতের এই সংখ্যায় কেবল তাদেরই অন্তর্ভুক্ত করা হয়েছে। অভিবাসীরা নিজেরাও অনেককে দাফন করেছেন, তবে কর্তৃপক্ষ মৃতদেহগুলো শনাক্ত বা যাচাই না করা পর্যন্ত তাদের সরকারি তালিকায় যুক্ত করা হবে না।

বৃহস্পতিবার ৯ ১৫ অক্টোবর ২০২৬ ইং

#### রিয়াদ বিমানবন্দরে হুতি হামলার নিন্দা

#### পাকিস্তানসহ ৪ দেশের

আন্তর্জাতিক ডেস্ক

সৌদি আরবের রাজধানী রিয়াদের আন্তর্জাতিক বিমানবন্দরে ইয়েমেনের ইরান-সমর্থিত হুতি বিদ্রোহীদের হামলার নিন্দা জানিয়েছে তুরস্ক, পাকিস্তান, মিসর ও সৌদি আরব। চার দেশ যৌথ বিবৃতিতে হামলাকে ‘বিপজ্জনক উত্তেজনা বৃদ্ধি’ হিসেবে উল্লেখ করেছে। তারা বলেছে, কোনো অজুহাতেই এ ধরনের হামলা গ্রহণযোগ্য বা সমর্থনযোগ্য নয়। সৌদি কর্তৃপক্ষ জানিয়েছে, রোববার রিয়াদের আন্তর্জাতিক বিমানবন্দরে নতুন করে হামলায় একজন নিহত এবং প্রায় ১২ জন আহত হয়েছেন। এর আগের দিন হুতিদের দাবি করা আরেকটি হামলায় ১৩ জন নিহত এবং ৩০০ জনের বেশি আহত হন। ‘আর-৪’ নামে পরিচিত চার দেশের জেটি সৌদি আরবের প্রতি সংহতি ও সমর্থন পুনর্ব্যক্ত করেছে। একই সঙ্গে হামলা মোকাবিলা, হুমকি প্রতিরোধ এবং এ ধরনের ঘটনা যাতে আর না ঘটে, সে জন্য সৌদি আরবের নেওয়া সব ‘বৈধ পদক্ষেপের’ প্রতি পূর্ণ সমর্থন জানিয়েছে তারা। রোববারের যৌথ বিবৃতিতে চার দেশ বলেছে, এসব হামলার পরিণতি এবং এর ফলে আঞ্চলিক ও আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তার জন্য যে হুমকি তৈরি হচ্ছে, তার সম্পূর্ণ দায় হুতি গোষ্ঠীর। তারা অবিলম্বে এবং নিঃশর্তভাবে হামলা বন্ধের দাবি জানিয়েছে। গত আগস্টে তুরস্ক ও পাকিস্তান সৌদি আরবের সঙ্গে একটি যৌথ প্রতিরক্ষা চুক্তি সই করে। চুক্তি অনুযায়ী, কোনো একটি পক্ষের ওপর হামলাকে সব পক্ষের ওপর হামলা হিসেবে বিবেচনা করা হবে। গত সপ্তাহে দেশগুলো জানায়, হুতি হামলার প্রেক্ষাপটে সৌদি আরবে দ্রুত সেনা ও সামরিক সক্ষমতা মোতায়েনসহ যৌথ প্রতিরক্ষা প্রতিশ্রুতি বাস্তবায়নে তারা একমত হয়েছে। বৃহস্পতিবার তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিলান বলেন, সৌদি আরবকে কীভাবে সহায়তা করা যায়, তা পর্যালোচনা করছে আঙ্কার। তবে তিনি সেনা মোতায়েন এবং আক্রমণাত্মক সামরিক অভিযানে তুরস্কের অংশ নেওয়ার সম্ভাবনা নাকচ করেন। এর আগের দিন তুরস্কের কর্মকর্তারা রয়টার্সকে জানিয়েছিলেন, রিয়াদকে মূলত প্রতিরক্ষামূলক ও প্রযুক্তিগত সহায়তা দেওয়া হচ্ছে। এখন পর্যন্ত সৌদি আরবকে তুরস্কের সহায়তা মূলত দ্বিপাক্ষীয় পর্যায়েই সীমাবদ্ধ রয়েছে। তুরস্কের পার্লামেন্টে যৌথ প্রতিরক্ষা চুক্তিটি এখনো আনুষ্ঠানিকভাবে অনুমোদিত হয়নি।

# গোপালগঞ্জে অনিয়মের মাধ্যমে টিসিবির ডিলার নবায়নের অভিযোগ

নিজস্ব প্রতিনিধি

গোপালগঞ্জ সদর উপজেলায় ফারুক শরীফ নামের এক অযোগ্য ব্যক্তিকে মোটা অংকের ঘুমের বিনিময়ে টিসিবি’র ডিলার হিসেবে পুনঃনবায়ন করা হয়েছে। নবায়ন হওয়া ওই ব্যক্তির প্রতিষ্ঠানের নাম “মেসার্স ফারুক ট্রেডার্স”। অনুসন্ধানে জানা গেছে, ফারুক শরীফ ২০২২ -- ২৩ অর্থ বছরে সর্বপ্রথম বানোয়াট কাগজপত্র তৈরি করে মিথ্যা ও অসত্য তথ্য সরবরাহ করে বড় অংকের অর্থের বিনিময়ে টিসিবি’র ডিলার হিসেবে অন্তর্ভুক্ত হয়েছিলেন। বর্তমানেও তিনি পুনঃনবায়নের ক্ষেত্রে একই ধরনের বানোয়াট কাগজপত্র তৈরি ও মিথ্যা তথ্য সরবরাহ করে সরকারি দপ্তরকে ফাঁকি দিয়েছেন। গত ১২ জুলাই ২০২৬ তারিখে এই ফারুক ট্রেডার্স এর অধৈধ পুনঃনবায়নের প্রতিবাদে এবং পুরানো ডিলার বহালতৈ দাবিতে গোপালগঞ্জ সদর উপজেলা সহ জেলার সকল টিসিবি’র ডিলারগণ লিখিত অভিযোগ, মানবন্ধন সহ বিভিন্ন কর্মসূচি পালন করেছেন।

টিসিবি’র সদ্য সাবেক ডিলার “মেসার্স দীপক স্টোর” -এর স্বত্বাধিকারী দীপক কুমার সাহা, “মেসার্স বেবী স্টোর”-এর স্বত্বাধিকারী অমল কুমার সাহা, “জুয়েল মুদি স্টোর” এর স্বত্বাধিকারী সোহেল মিয়া সহ সদরের অধিকাংশ টিসিবি ডিলারগণ সাংবাদিকদের বলেন, আমাদের সকল ধরনের যোগ্যতা থাকা সত্ত্বেও আমাদের প্রতিষ্ঠান জিউন্টিরে সময় নগদ ২০ হাজার করে টাকা নিয়েছে টিসিবি’র মাদারীপুর অফিসের সহকারী পরিচালক ও অফিস প্রধান মোঃ কামরুজ্জামান। তিনি বলেছিলেন আপনাদের গোডাউন, রানিং দোকান ও কাগজপত্র সবই ঠিক আছে, আপনরাই পুনঃনবায়নের যোগ্য। একপর্যায়ে জানতে পারলাম আমাদের প্রতিষ্ঠানকে পুনঃনবায়ন দেওয়া হচ্ছে না। লাইসেন্স নবায়নের মিথ্যা প্রলোভন দেখিয়ে আমাদের থেকে নেওয়া টাকার ও ফেরত দেয়নি। পরে জেনেছি “ফারুক ট্রেডার্স” ও “মেসার্স রিমি এন্টারপ্রাইজ” কে বড় অংকের অর্থের বিনিময়ে পুনঃনবায়ন করে দিয়েছেন মোঃ কামরুজ্জামান স্যার। আমাদের দেওয়া এক ফেরত না পেয়ে আমরা টিসিবি’র মাননীয় চেয়ারম্যান মহোদয়, গোপালগঞ্জ জেলা প্রশাসক ও গোপালগঞ্জ সদর উপজেলা নির্বাহী অফিসার বরাবর লিখিত অভিযোগ দিয়েও কোন প্রতিকার পাইনি। তারা আরো জানান গোপালগঞ্জ সদর উপজেলায় যে দুটি প্রতিষ্ঠানকে পুনঃনবায়ন দিয়েছে তাদের মধ্যে “মেসার্স রিমি এন্টারপ্রাইজ” -এর যথাযথ

যোগ্যতা থাকলেও “মেসার্স ফারুক ট্রেডার্স” -এর কোন যোগ্যতা ও বৈধতা নেই। এ সকল অভিযোগের বিষয়ে পুনঃনবায়ন পাওয়া ডিলার ফারুক শরীফ ও টিসিবি মাদারীপুরের সহকারী পরিচালক কামরুজ্জামানের দাবি অভিযোগগুলো বানোয়াট ও



ভিত্তিহীন। সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, গোপালগঞ্জ সদর উপজেলার গোপীনাথপুর ইউনিয়নের বোয়ালিয়া বাজারের যে ঠিকানায় ফারুক শরীফ “মেসার্স ফারুক ট্রেডার্স” প্রতিষ্ঠানের নামে টিসিবি’র লাইসেন্স নিয়েছেন সেখানে তার কোন দোকান ও গোডাউন পূর্বে কখনো ছিলো না এবং বর্তমানেও নেই। অনুসন্ধানে আরো জানা গেছে, ২০২২-২৩ অর্থ বছরে নতুন লাইসেন্স নেওয়ার সময় তিনি আগুয়ামী লীগ নেতাদের প্রভাব ও টাকার বিনিময়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ম্যানেজ করে দৃশ্যমান দোকান ও গোডাউন না থাকা সত্ত্বেও টিসিবি’র লাইসেন্স পেয়েছিলেন।

এ বিষয়ে গোপালগঞ্জ সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) কৌশিক আহমেদ আমাদের প্রতিনিধিকে বলেন, টিসিবি’র লাইসেন্স পুনঃনবায়নের বিষয়ে আমাদের কোন হাত নেই। নতুন ডিলার নিয়োগের কার্যক্রম প্রক্রিয়াধীন। মাদারীপুর টিসিবি’র সহকারী পরিচালক ও অফিস প্রধান মোঃ কামরুজ্জামান আমার সাথে কোন ধরনের যোগাযোগ না করে গোপালগঞ্জ সদর উপজেলার পুনঃ নবায়ন করা দু’জন ডিলারকে দিয়ে ২১ ইউনিয়নের ও গোপালগঞ্জ পৌরসভায় টিসিবি কার্যক্রম পরিচালনা করবে বলে আপনাদের মাধ্যমে জেনেছি। আমি ভিসি স্যারের সাথে কথা বলে কোন প্রকার অনিয়ম থাকলে টিসিবি কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে তা সমাধান করার চেষ্টা করবো।

# মতলবে নিষিদ্ধ চায়না জাল জন্ম শ্রেণ্তার ও

চাঁদপুর প্রতিনিধি:

চাঁদপুরের মতলব উত্তরে মা ইলিশ সংরক্ষণ অভিযানে মেঘনা নদী থেকে ২৪০ মিটার নিষিদ্ধ চায়না জাল জন্ম করেছে নৌ পুলিশ। এ সময় অবৈধ জাল দিয়ে মাছ ধরার অভিযোগে তিন জেলেকে শ্রেণ্তার করা হয়েছে। জন্ম করা ছয়টি জালের আনুমানিক বাজারমূল্য ২৪ হাজার টাকা।

সম্প্রতি উপজেলার মোহনপুর ইউনিয়নের বাহাদুরপুর এলাকার মেঘনা নদীর তীরবর্তী ডুবোচরে এ অভিযান পরিচালনা করে চাঁদপুর অঞ্চলের মোহনপুর নৌ পুলিশ ফাঁড়ি। শ্রেণ্তার ব্যক্তিরা হলেন মো. আলী আকবর (৪৫), মো. আজহাঙ্গুল (৫৫) ও মো. জয়নাল প্রধান (৫৪)। তারা সবাই মোহনপুর ইউনিয়নের বাহাদুরপুর এলাকার বাসিন্দা।

নৌ পুলিশ সূত্রে জানা যায়, অভিযানের সময় মেঘনা নদীতে নিষিদ্ধ চায়না জাল ব্যবহার করে মাছ ধরার অভিযোগে ওই তিন জেলেকে শ্রেণ্তার করা হয়। পরে তাদের হেফাজত থেকে ছয়টি চায়না জাল উদ্ধার করে জন্ম করা হয়। জালগুলোর মোট দৈর্ঘ্য ২৪০ মিটার এবং আনুমানিক বাজারমূল্য ২৪ হাজার টাকা।

এ ঘটনায় মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইনের সংশ্লিষ্ট ধারায় শ্রেণ্তার ব্যক্তিদের বিরুদ্ধে পৃথক তিনটি মামলা করা হয়েছে।

মতলব উত্তর উপজেলা জ্যেষ্ঠ মৎস্য কর্মকর্তা স্বপন চন্দ্র দে বিষয়টি নিশ্চিত করে বলেন, শ্রেণ্তার জেলেরের বিরুদ্ধে থানায় মামলা দায়েরের পর আদালতে পাঠানো হয়েছে।

# রাইস ট্রান্সপ্লান্টারে আধুনিক ধান চাষে উৎসাহ পাচ্ছে কৃষক

কৃষকদের আধুনিক প্রযুক্তিমুখী

খুলনার জেলার ডুমুরিয়া উপজেলায় রাইস ট্রান্সপ্লান্টার যন্ত্রের সাহায্যে চারা রোপণ) প্রযুক্তির মাধ্যমে ধান চাষের ওপর এক কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকাল ১০টায় উপজেলার টিপনা ঈদগাহ প্রাঙ্গণে আন্তর্জাতিক ভূট্টা ও গম উন্নয়ন কেন্দ্র (সিমিট)-এর ঋপধরমহন ভড্ড ওসত্‌পথঃ (ঝ৪ও) প্রকল্প যন্ত্রার অঞ্চলের আয়োজনে এ মাঠ দিবস অনুষ্ঠিত হয়। এতে সার্বিক সহযোগিতা প্রদান করে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডুমুরিয়া)।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) আঞ্চলিক কার্যালয় (সাতক্ষীরা) এবং স্থানীয় কৃষি সেবাদানকারী প্রতিষ্ঠান শেখ এম্রো। যুগ্মনা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মো. নজরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক মো. রফিকুল ইসলাম। প্রধান অতিথির বক্তব্যে মো. রফিকুল ইসলাম বলেন, “কৃষিতে প্রমিকি সংকট নিরসন এবং উৎপাদন খরচ কমাতে আধুনিক যন্ত্রপাতির ব্যবহার অপরিসর্য।

রাইস ট্রান্সপ্লান্টারের মাধ্যমে ধান চাষ করলে একদিকে যেমন সময়ও শ্রম বাঁচে, অন্যদিকে সঠিক দুরত্বে চারা রোপণের ফলে ফলনও উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পায়।

## সাজকে অনির্দিষ্টকালের অবরোধ ভোগান্তিতে পর্যটকরা

রাঙামাটি প্রতিনিধি

রাঙামাটির বাঘাইছড়ি উপজেলার জনপ্রিয় পর্যটনকেন্দ্র সাজকে বাঘায়বুরের সড়কে অনির্দিষ্টকালের অবরোধ শুরু হয়েছে। এতে সাজকে বেড়াতে যাওয়া পর্যটকদের মধ্যে ভোগান্তি ও অনিশ্চয়তা দেখা দিয়েছে। সড়ক যোগাযোগ বন্ধ থাকায় সাজকে অবস্থানরত অনেক পর্যটক আটকা পড়েছেন। গতকাল (রোববার) সকাল ৬টা থেকে সাজকে গণস্বার্থিকার রক্ষা কমিটি ও সাজকে কার্বারি অ্যাসোসিয়েশনের ডাকে এ কর্মসূচি শুরু হয়।

মো. নাজমুল হুদা এবং ডুমুরিয়া প্রেসক্লাবের সাধারণ সম্পাদক শেখ মাহতাব হোসেন। এ ছাড়া মাঠ



যাচ্ছে।” অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই) খুলনার প্রাক্তন অফিস এম এম ফেরদােস, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট আঞ্চলিক কার্যালয় সাতক্ষীরা প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. মামুনুর রশিদ, আন্তর্জাতিক ভূট্টা ও গম উন্নয়ন কেন্দ্র যন্ত্রার অঞ্চলের সমন্বয়ক কৃষিবিদ মোহাম্মদ জাকারিয়া হাসান, খুলনার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জলবায়ু পরিবর্তন ও অভিযোজন প্রকল্পের পরিচালক ফজলুল হক মনি, সিনিয়র মনিটরিং অফিসার মো. মোসাদ্দেক হোসেন, ডুমুরিয়া উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ

দিবসে উপ-সহকারী কৃষি কর্মকর্তা নুরুন নাহার এবং স্থানীয় সুফলভোগী কৃষক শেখ মঞ্জুর রহমান, শেখ আনিছুর রহমান ও শেখ রুহুল আমিন তাদের অভিজ্ঞতা ও মতামত ব্যক্ত করেন। বক্তারা যান্ত্রিক উপায়ে চারা রোপণের সুফল তুলে ধরে এলাকার অন্যান্য কৃষকদেরও এই প্রযুক্তি গ্রহণের আহ্বান জানান। মাঠ দিবসে এলাকার বিশৃপলসংখ্যক পুরুষ ও নারী কৃষক উপস্থিত ছিলেন। উক্ত কৃষক মাঠ দিবস অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কৃষিবিদ মোঃ হাফিজুর রহমান, গবেষণা ও উন্নয়ন সমন্বয়ক আন্তর্জাতিক ভূট্টা ও গম উন্নয়ন কেন্দ্র, যন্ত্রার অঞ্চল।

স্থানীয় সূত্রে জানা গেছে, সকাল থেকেই সাজকে- দীঘিনালা সড়কের গঙ্গারাম উর্ষাবাজারসহ বিভিন্ন স্থানে টায়ার জালিয়ে পিকেটিং করছেন অবরোধকারীরা। এতে সাজকে ও বাঘাইছড়ি থেকে দীঘিনালাগামী যানবাহন চলাচল বন্ধ রয়েছে। এর আগে গত শনিবার (১০ অক্টোবর) সাজকে কার্বারি অ্যাসোসিয়েশনের সভাপতি নতুন জয় চাকমা ও সাজকে গণস্বার্থিকার রক্ষা কমিটির আহ্বায়ক বাবুদন চাকমার দেওয়া যৌথ বিবৃতিতে এ কর্মসূচি ঘোষণা করা হয়। গত বৃহস্পতিবার (৮ অক্টোবর) সাজকের উজোবাজার এলাকায় আয়োজিত সমাবেশ থেকে ৪৮ ঘণ্টার অক্লিষ্টেটাম দিয়েছিল সংগঠন দুটি। নির্ধারিত সময়ের মধ্যে দাবি পূরণ না হওয়ায় অনির্দিষ্টকালের অবরোধের সিদ্ধান্ত নেওয়া হয় বলে বিবৃতিতে জানানো হয়।

# পাসপোর্ট অফিসে নিজে গিয়ে সমস্যা সমাধান করলেন এমপি ডা. কে এম বাবর

গোপালগঞ্জ আঞ্চলিক পাসপোর্ট অফিসে দিনের পর দিন নানা অনিয়ম ও সেবা গ্রহীতারা নানভাবে হয়রানি ও ভোগান্তির শিকার হয়ে আসছিলেন। এ বিষয়টি নিয়ে দেশের একাধিক প্রথম শ্রেণির পত্রিকা সহ জনপ্রিয় বিভিন্ন অনলাইন পোর্টালে সচিব প্রতিবেদন প্রকাশের পর নড়ে চড়ে বসে গোপালগঞ্জ জেলা প্রশাসন। গত ১১ অক্টোবর গোপালগঞ্জ জেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিত জেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভায় গোপালগঞ্জ আঞ্চলিক পাসপোর্ট অফিসের নানা অনিয়ম ও দুর্নীতি এবং সেবা গ্রহীতারা যেন কোন ধরনের হয়রানি ও ভোগান্তির শিকার না হন সে বিষয়ে গোপালগঞ্জ-২ আসনের সংসদ সদস্য ডা. কে এম বাবর এবং

আ্যাডভোকেট মোঃ তৌফিকুল ইসলাম, সদস্য সচিব ফজলুল করির দারা, উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি সিকদার শহিদুল ইসলাম লৌলন, জেলা যুবদলের সভাপতি রিয়াজ উদ্দিন লিপনন, সাধারণ সম্পাদক রাশেদুজ্জামান পলাশ,



জানান। বিষয়টি অবগত হয়ে সংসদ সদস্য ডা. কে এম বাবর কিছু সময় পরেই গোপালগঞ্জ আঞ্চলিক পাসপোর্ট অফিসে গিয়ে ভুক্তভোগী রানাকে সাথে নিয়ে সহকারী পরিচালক (এডি) নাহিদ নেওয়াজের কক্ষে প্রবেশ করেন। এডি নাহিদ নেওয়াজ আবেদন ফরম পর্যালোচনা করে মুহূর্তেই পাসপোর্টের আবেদন জমা মেনে।

অসময় গোপালগঞ্জ-২ আসনের সংসদ সদস্য ডা. কে এম বাবর আঞ্চলিক পাসপোর্ট অফিসের সহকারী পরিচালক নাহিদ নেওয়াজ সহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক হয়ে সেবা প্রদানের নির্দেশ প্রদান করেন। এ সময় গোপালগঞ্জ আঞ্চলিক পাসপোর্ট অফিসের সহকারী পরিচালক নাহিদ নেওয়াজ, মানবাধিকার ও গণমাধ্যমকর্মী কে এম সাইফুর রহমান, বিএনপি নেতা মাহবুব আলী সোহেল, গোপালগঞ্জ সদর উপজেলা বিএনপি’র আহ্বায়ক

জেলা ছাত্রদলের নবনির্বাচিত সভাপতি মোঃ সাইফুল ইসলাম, সাধারণ সম্পাদক সাজিদুর রহমান সাজিদ, গোপালগঞ্জ সদর উপজেলা যুবদলের আহ্বায়ক হাফিজুর রহমান সহ বিএনপি ও সহযোগী সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এদিকে, গোপালগঞ্জ আঞ্চলিক পাসপোর্ট অফিসের নানা অনিয়ম, ভোগান্তি ও হয়রানি বন্ধে এবং রাজস্ব আদায়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতের লক্ষ্যে শতকর্ম ব্যবস্তার মাঝেও গোপালগঞ্জ-২ আসনের সংসদ সদস্য ডা. কে এম বাবর ভুক্তভোগীর ফোন পেয়ে সরেজমিনে গোপালগঞ্জ আঞ্চলিক পাসপোর্ট অফিসে গিয়ে ভুক্তভোগীদের কথা শুনেন এবং সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে দিয়ে তা মুহূর্তেই সমাধান করে দিয়ে ভবিষ্যতের জন্য বিরল দৃষ্টান্ত স্থাপন করেছেন বলেই মনে করছেন ভুক্তভোগী সহ সচেতন মহল।

# পিরোজপুরে সনাতন ধর্মাবলম্বীদের সাথে ডিআইজির মন্দির পরিদর্শন

পিরোজপুর প্রতিনিধি

জেলা শহর পিরোজপুরে সনাতন ধর্মাবলম্বীদের শ্রী শ্রী দুর্গা পূজা উৎসব উপলক্ষে আইনশৃঙ্খলা বাহিনীর উচ্চ পর্যায়ের মন্দির পরিদর্শন করা হয়েছে।

রবিবার(১৩অক্টোবর )বিকাল চারটার দিকে আখতাবাড়ি জিউর মন্দির থেকে সার্বজনীন দুর্গা মন্দির পালপাড়া সহ আরো কতক মন্দির পরিদর্শন করেন। এ সময় উপস্থিত ছিলেন বরিশাল পুলিশের ডিআইজি জুলফিকার আলী হায়দার ,মুহাম্মদ তালেবুর রহমান পুলিশ সুপার, নাসরিন জাহান সার্কেল এসপি, উপজেলা নির্বাহী অফিসার ইফতখাফুল ইসলাম শামীম, বাংলাদেশ পূজা উদযাপন ফ্রন্ট এর জেলা সভাপতি অধ্যক্ষ দিলীপ কুমার মিত্রী,বাসুদেব সাহা,সাধারণ সম্পাদক, সার্বজনীন দুর্গা মন্দির, পাল পাড়া ,পিরোজ পুর। পূ জা উদযাপন ফ্রন্ট এর পিরোজপুর সদর উপজেলার সভাপতি সন্তোষ কুমার মজুমদার,সাধারণ সম্পাদক, বিশ্বজিৎ কর্মকারসহ জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন নেতৃবৃন্দ। এ সময় বিভিন্ন বক্তার বক্তব্যে বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান এর অনুদান বৃদ্ধি করা, ছুটি বাড়ানো, হিন্দু ধর্মীয়

কল্যাণ ট্রাস্ট এর সাহায্য বরাদ্দ দেয়ার জন্য প্রশংসা করেন। এডভোকেট চট্টী চরণ পাল বলেন ,সরকারের সনাতন ধর্মাবলম্বীদের

আমাদের মাঝে উপস্থিত হয়েছে।পুলিশ সুপার মহোদয়, অফিসার ইনচার্জ সকলেই আন্তরিকভাবে নিরলস কাজ করে



দুর্গা পূজা উদযাপন উপলক্ষে যে পরিকল্পনা বাস্তবায় হচ্ছে সেটা সত্যিই প্রশংসনীয়। সকল নেতা কর্মীরা বক্তব্য প্রদান করেন। উক্ত আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন বেঙ্গলসেবকদলের সাধারণ সম্পাদক তৌহিদুল ইসলাম,ও জেলা বিএনপি’র নেতৃবৃন্দ, অনুষ্ঠানের সঞ্চালনা করেন সন্তোষ কুমার মজুমদার।সভাপতি অধ্যক্ষ দিলীপ কুমার মিত্রী সর্বক্ষিত বক্তব্যে বলেন, আমাদের দুর্গা পূজা সার্বিকভাবে সুন্দর সৃষ্টিভাবে সম্পন্ন হয় তার জন্য পিরোজপুরের প্রশাসনের পক্ষ থেকে যে ভূমিকা পালন করছেন তা সত্যিই প্রশংসনীয়।আজ ডিআইজি মহোদয়

যাচ্ছেন। সরকারের নেতৃবৃন্দ ও আমাদের পাশে থেকে সহযোগিতা করছেন।আমরা আশা করছি আমাদের এই পূজা খুবই উৎসব মুখর হবে।এ সময় জুলফিকার আলী হায়দার, সনাতন ধর্মাবলম্বীদের দুর্গা পূজা সূষ্ঠ, সুন্দর ও সার্বিকভাবে উদযাপন এর ক্ষেত্রে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা সক্রিয় অবস্থানে থাকবে। সকল বিষয় নিরাপত্তা কথা ভিন্তা করেই এ সিদ্ধান্ত গ্রহণ করেছেন সরকার। সকলের সজাগ দৃষ্টি রেখে আন্দন উপভোগ করবেন।এ বিষয়ে প্রশাসনকে তথ্য দিয়ে সাহায্য করার জন্য গণমাধ্যম কর্মীদের দৃষ্টি আকর্ষণ করছেন।

# নীলফামারীতে দুর্যোগ প্রশমন দিবস পালিত

‘ঘর থেকে শুরু করি, দুর্যোগ সহনশীল দেশ গড়ি’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে নীলফা-মারীতে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত হয়েছে। মঙ্গলবার (১৩ অক্টোবর) দুপুরে জেলা প্রশাসনের আয়োজনে র‍্যাবি, আলোচনা সভা এবং ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স এর বিশেষ মহড়া অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক কার্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন নীলফা-মারী-০২(সদর) আসনের সংসদ সদস্য এ্যাডভোকেট আল ফারুক আব্দুল লতীফ। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মুজাহত তাসনিম আওনের সভাপতিত্বে আলোচনা সভায় স্বাগত বক্তব্য দেন মোতা গ্রাণ ও পূর্ববাসিন কর্মকর্তা মোঃ মনোয়ারুল ইসলাম। এ সময় আরও বক্তব্য দেন, পুলিশ পরিদর্শক খোরশেদ আলম, নীলফা-মারী সদর উপজেলা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক এ্যাডভোকেট কাজী আখতারুজ্জামান জুয়েল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নীলফা-মারী স্টেশনের সিনিয়র স্টেশন অফিসার ইব্রাহিম জুয়েল, জেলা স্কাউটস’ এর সাধারণ সম্পাদক আতাউর রহমান। এ দিবস ঘিরে ভূমিকম্প থেকে রক্ষা পেতে প্রস্তুতি গ্রহণ, বহুতল ভবনের অগ্নিনিয়ন্ত্রণ

এবং উদ্ধার কার্যক্রম, গ্যাস সিলিন্ডার, কেরোসিনের ড্রামের আশ্রন এবং অগ্নিকাণ্ডস্থল থেকে আহত ও নিহত ব্যক্তিদের উদ্ধার কার্যক্রম প্রদর্শন করেন নীলফামারী ফায়ার স্টেশনের কর্মীরা। এর আগে সংসদ সদস্য এ্যাডভোকেট আল ফারুক আব্দুল লতিফের নেতৃত্বে একটি র‍্যালি বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য আল ফারুক আব্দুল লতীফ বলেন, প্রাকৃতিক দুর্যোগ কখন হবে সেটি আমরা বলতে পারবো না, তবে দুর্যোগ মোকাবেলা করার প্রস্তুতি আমাদের রাখতে হবে। এ কারণে এই দিবস পালন করা হয়।এমপি বলেন, যদি আমরা প্রস্তুতি নিয়ে রাখি তাহলে আমরা অনেক ক্ষয়ক্ষতি থেকে যেমন রক্ষা পাবো তেমনি গ্রাহ্যনিরও সংখ্যা কমবে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নীলফামারী কার্যালয়ের সহযোগিতায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ অধিদপ্তর এই কর্মসূচি ব্যবস্থায়ন করে।

## নলছিটিতে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত

নলছিটি প্রতিনিধি

ঝালকাঠির নলছিটিতে যথাযথ মর্যাদায় আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২৬ পালিত হয়েছে। (১৩ অক্টোবর) মঙ্গলবার সকাল ১০ টায় উজ্জোলা চত্বরে থেকে একটি রেলী বের করে সড়ক প্রদক্ষিন শেষে



হলরুমে এসে এক আলোচনা সভায় মিলিত হন। উজ্জোলা নির্বাহী কর্মকর্তা প্রতীক কুমার কুন্ডের সভাপতিত্বে অনান্যদের মধ্যে উপস্থিত ছিলেন যুবউন্নয়ন কর্মকর্তা, এনামুল হক, পল্লি উন্নয়ন কর্মকর্তা মোঃ ওবায়দুল ইসলাম প্রমুখ। এসময় ফায়ার সার্ভিসের একটি টিম, রেড ক্রিসেন্ট নলছিটি (রোববার) শখার যুব প্রধান ইমরান সহ সোচ্ছান্দেী সংগঠনের সোচ্ছান্দেবীরা উপস্থিত ছিলেন। সভায় দুর্যোগের ক্ষয়ক্ষতি কমাতে সবাইকে নিজ নিজ অবস্থান থেকে সচেতন ও দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানানো হয়। সবচেয়ে নলছিটির ফায়ার সার্ভিসের সদস্যরা আঙন নিবানোর বিভিন্ন ধরনের কৌশল প্রশিক্ষন দেন।

## ডেঙ্গু প্রতিরোধে রায়পুরে জামায়াতের সচেতনতামূলক অভিযান

লক্ষীপুর প্রতিনিধি

লক্ষীপুরের রায়পুর উপজেলার বামনী ইউনিয়ন জামায়াতের উদ্যোগে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক অভিযান ও পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল (রোববার) ইউনিয়ন পরিষদ জামে মসজিদের অজুখানা ও বাথরুম পরিষ্কারের মধ্য দিয়ে এ কর্মসূচির উদ্বোধন করা হয়। পরে বাংলা বাজার এলাকায় ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে সচেতনতামূলক লিফলেট বিতরণ করেন নেত্রাকান্তী। কর্মসূচিতে নেতৃত্ব দেন বামনী ইউনিয়ন জামায়াতের আমির ও চেয়ারম্যান পদধারী মঞ্জুল কবির। এ সময় উপস্থিত ছিলেন ইউনিয়ন জামায়াতের যুব বিভাগের সভাপতি মাসুম বিল্লাহ ও সেক্রেটারি ফরিদউদ্দিনসহ স্থানীয় নেতাকর্মীরা। কর্মসূচিতে ডেঙ্গু প্রতিরোধে বাড়িঘর আন্দন উপভোগ করবেন।এ বিষয়ে প্রশাসনকে তথ্য দিয়ে সাহায্য করার জন্য গণমাধ্যম কর্মীদের দৃষ্টি আকর্ষণ করছেন।

# পঞ্চগড়ে পাচারকালে ১২০ বস্তা সার উদ্ধার বিক্রয় বন্ধ সহ ডিলারশীপ বাতিলের সুপারিশ

পঞ্চগড় প্রতিনিধি

পঞ্চগড়ের বোদা উপজেলার সাতখামারে সার অবৈধভাবে পাচারের সময় ১২০ বস্তা ড্যাপ (উঅচ) সার সহ একটি ট্রাক্টর জন্ম করেছে বোদা উপজেলা প্রশাসন। এই ঘটনায় জড়িত থাকার অপরাধে সার ডিলার মেসার্স নুরনবী এন্টারপ্রাইজকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

মঙ্গলবার (১৩ অক্টোবর) দুপুরে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রবিউল ইসলাম ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এই দণ্ডদেশ প্রদান করেন। এসময় সার বিক্রয় নিষিদ্ধ ঘোষণা এবং তার ডিলারশীপ বাতিলের জন্য কৃষি মন্ত্রণালয় সুপারিশ করা হয়েছে বলে জানা গেছে। স্থানীয় ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, সোমবার রাতে বোদা উপজেলার সাতখামার এলাকায় অবস্থিত বিসিআইসি অনুমোদিত সার ডিলার মেসার্স নুরনবী এন্টারপ্রাইজের গোডাউন থেকে ১২০ বস্তা ড্যাপ সার একটি ট্রাক্টরে লোড করে আটোয়ারী উপজেলায় এক যুচরা ব্যাবসায়ীর কাছে পাচার করা হচ্ছিল। বিষয়টি টের পেয়ে

বোদা পৌরসভার সাবেক কাউন্সিলর শাহজাহান আলম সহ স্থানীয়রা এন্টারপ্রাইজকে নগদ ৩০ হাজার টাকা জরিমানা করেন। একই সাথে



গাড়িটি হাতেনাতে আটকে দেয়। পরে খবর পেয়ে উপজেলা কৃষি কর্মকর্তা ও বোদা থানা পুলিশ থানায়স্থলে পৌঁছে সার সহ গাড়িটি জন্ম করে উপজেলা কৃষি অফিসে নিয়ে যায়। পরে মঙ্গলবার দুপুরে ঘটনাস্থল পরিদর্শন ও সার্বিক তদন্ত শেষে ভ্রাম্যমাণ পরিচালনা করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী কর্মকর্তা রবিউল ইসলাম। এসময় সরকারি নীতিমাল লঙ্ঘন করে অবৈধ উপায়ে সার পাচারের দায়ে তিনি ডিলার নুরনবী

উক্ত ডিলারের সার বিক্রয় কার্যক্রম সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করা হয় এবং তার লাইসেন্স বা ডিলারশীপ বাতিলের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে সুপারিশের নির্দেশ দেওয়া হয়। উপজেলা প্রশাসন সূত্রে জানা গেছে, জন্মকৃত ১২০ বস্তা সরকারি ড্যাপ সার পরবর্তীতে স্থানীয় সরকার ও প্রান্তিক কৃষকদের মাঝে সাধারণ নির্ধারিত ন্যায্য মূল্যে বিতরণ করা হয়েছে। ভ্রাম্যমাণ আদালত পরিচালনার সময় উপজেলা কৃষি কর্মকর্তা আহমেদ

রাশেদ উন নবী, সহকারী কৃষি কর্মকর্তা রঞ্জু ইসলাম, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আসাদুল্লাহ আসাদ সহ থানা পুলিশের একটি দল উপস্থিত ছিলেন। ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও বোদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রবিউল ইসলাম জানান, কৃষকদের অধিকার ক্ষুণ্ন করে সরকারি সার কালোবাজারে বা অবৈধ উপায়ে পাচারের যেকোনো চেষ্টার বিরুদ্ধে প্রশানন কঠোর অবস্থানে রয়েছে। সার নিয়ে যেকোনো প্রকার কার্যপিত রোধে এই ধরণের অভিযান ও নজরদারি অব্যাহত থাকবে। এদিকে সার ডিলার নীতিমালায় একই পরিবারের সদস্যদের ডিলার নিয়োগের বিষয়টি অবৈধ হলেও নুরনবী এন্টারপ্রাইজ ও তানিম এন্টারপ্রাইজ নামে দুটি ডিলারশীপ একই পরিবারের বলে অভিযোগ উঠেছে।

সচেতন মহল ক্ষোভ জানিয়ে বহুহলে, ভাঙ্গ ককে বৃদ্ধাস্থি দেখিয়ে নীতিমালা ভঙ্গ করে এইসুই পরিবারে দুটি ডিলারশীপ দেয়া হয়েছে। এবং সব দেনে বুকেও সংশ্লিষ্ট কৃষি কর্মকর্তা সহ প্রশাসনের নির্ব ভূমিকা জনমনে প্রশ্ন তুলেছে।

র দুপুর ২টার দিকে নাজির উদ্দিনের মৃত্যু হয়। পরদিন সোমবার সকাল ১০টার দিকে তার জানাজা ও দাফনের আয়োজন করা হলে জমি নিয়ে বিরোধের জেরে মেয়ে হালিমা এসে পাসপোর্টে আসতে জ্ঞানহীন ও দাফন নিয়ে অনিশ্চয়তা দেখা দেয়।

পরে স্বজন ও স্থানীয় ব্যক্তিত্ব বিরোধ মীমাংসার উদ্যোগ গ্রহণ করেন। এ সময় হালিমা বেগমকে এক লক্ষ ৫০ হাজার টাকা দিয়ে সমঝোতা করা হয়।

পরে গত সোমবার বিকাল ৫টায় দাফন সম্পন্ন করা হয়। হালিমা বেগম বলেন, ন্যায় অধিকার চেয়ে আপত্তি জানানো হয়। পরে সেটির সমাধান করা হয়। উপজেলার ধাপেরহাট ইউনিয়ন পরিষদের ৫ নম্বর ওয়ার্ডের সদস্য শাহ মো. জিহ্মুর রহমান বলেন, বিষয়টি সমাধান করার জন্য উক্ত পক্ষ ও গ্রামবাসীকে নিয়ে আলোচনার বসা হয়। বিরোধের সমাধান করে নাজির উদ্দিনের দাফন সম্পন্ন করা হয়েছে।

এ সময় উপস্থিত সাংবাদিকেরা দৈনিক রানারের দীর্ঘ পথচলা, সংবাদ প্রকাশে পেশাদারত্ব, বস্তুনিষ্ঠ সাংবাদিকতা ও গণমাধ্যমের কথা তুলে ধরার গুরুত্ব নিয়ে আলোচনা করেন। পাশাপাশি সংবাদমাধ্যমের সাংবাদিকদের দায়িত্বশীলতা এবং সত্যনিষ্ঠ সংবাদ পরিবেশনের ওপর গুরুত্বারোপ করা হয়।

আলোচনা সভায় বক্তারা দৈনিক রানারের উত্তরোত্তর সাক্ষ্য কাননা করেন এবং আগামীতেও পত্রিকাটি বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের মাধ্যমে পাঠকের আস্থা ধরে রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

এ সময় উপস্থিত ছিলেন শ্যামনগর উপজেলা প্রেসক্লাবে কর্মরত সকল সাংবাদিক বৃন্দ।

দৈনিক অনুষ্ঠানটি পরিলক্ষিত করেন সনাক্ত রানার এর শ্যামনগর উপজেলা প্রতিনিধি অনাথ মন্ডল।



সাতক্ষীরা জেলা প্রতিনিধি বেলাল হোসেন, রিপোর্টার ইউনিটের সভাপতি গাজী ইমরান, সুপ্রবন প্রেসক্লাবের সভাপতি বিলাল হোসেন এবং উপকূলীয় প্রেসক্লাবের সভাপতি এম এ হালিম প্রমুখ। এ

সময় উপস্থিত ছিলেন শ্যামনগর উপজেলা প্রেসক্লাবে কর্মরত সকল সাংবাদিক বৃন্দ।